# ত্রৈমাসিক মানবাধিকার প্রতিবেদন

জানুয়ারি-মার্চ ২০২৫

**প্রকাশক: অধিকার**
প্রকাশকাল: ১৪ মে ২০২৫

# মুখবন্ধ

১৯৯৪ সালে প্রতিষ্ঠিত হবার পর থেকে একটি মানবাধিকার সংগঠন হিসেবে *অধিকার* রাষ্ট্রের হাতে সংঘটিত মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো তুলে ধরছে। *অধিকার* দলমত নির্বিশেষে মানবাধিকার লঙ্ঘনের শিকার ব্যক্তিদের পাশে দাঁড়ায় এবং তাঁদের নিরাপত্তা নিশ্চিত করা ও ন্যায় বিচার প্রতিষ্ঠার জন্য কাজ করে।

২০২৪ সালের ৫ অগাষ্ট বাংলাদেশের ছাত্র-জনতা গণঅভ্যুত্থানের মাধ্যমে কর্তৃত্ববাদী হাসিনা সরকারকে ক্ষমতাচ্যুত করে। সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হলে ৮ অগাষ্ট একটি অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হয়। অন্তর্বর্তীকালীন সরকারের সময়েও দেশে মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটছে বলে জাতিসংঘের এক তথ্যানুসন্ধান প্রতিবেদনে উঠে এসেছে। ২০২৫ সালের ১২ ফেব্রুয়ারি জাতিসংঘের প্রকাশিত এই প্রতিবেদনে বলা হয়েছে, অগাষ্টের শুরু থেকে পরবর্তী সময়ে সহিংস মব, পুলিশ ও আওয়ামী লীগের নেতা-কর্মীসহ বিভিন্ন ব্যক্তিকে টার্গেট করে হত্যাসহ গুরুতর প্রতিশোধমূলক কর্মকাণ্ডের ঘটনা ঘটিয়েছে। এই সময়ে হিন্দু, আহমদিয়া মুসলিম ও পার্বত্য চট্টগ্রামের ক্ষুদ্র জাতিগোষ্ঠীর সদস্যরাও মানবাধিকার লঙ্ঘনের শিকার হয়েছেন। তাঁদের বাড়ি ঘরে হামলা ও আগুন দেয়া হয়েছে। হামলা হয়েছে মাজার, মন্দিরসহ ধর্মীয় স্থাপনায়ও। রাষ্ট্রীয় বাহিনীর সঙ্গে সম্পৃক্ত নয়, এমন ব্যক্তিদের এইসব অপরাধের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নিয়ে ভুক্তভোগীদের মানবাধিকার রক্ষা করতে পারেনি কর্তৃপক্ষ।[১] যদিও ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর সহিংসতার অনেক ঘটনা অসত্য ও বানোয়াট, যা ভারতীয় শাসক গোষ্ঠীর মদদপুষ্ট গণমাধ্যম পরিবেশন করেছে, তা পরবর্তীতে ফ্যাক্ট চেকিং এর মাধ্যমে প্রমাণিত হয়েছে।[২]

*অধিকার* ২০২৫ সালের প্রথম তিন মাসের প্রতিবেদনে মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো তুলে ধরেছে এবং পর্যালোচনা করে রাষ্ট্রকে এর থেকে বিরত থাকতে সতর্ক করছে। *অধিকার* এর সঙ্গে সংশ্লিষ্ট মানবাধিকার কর্মীদের পাঠানো প্রতিবেদন এবং বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত তথ্য-উপাত্তের ওপর ভিত্তি করে ২০২৫ সালের জানুয়ারি-মার্চ এই তিন মাসের মানবাধিকার প্রতিবেদনটি তৈরি করা হয়েছে।

---

[১] https://www.ohchr.org/sites/default/files/documents/countries/bangladesh/ohchr-fftb-hr-violations-bd.pdf
https://www.prothomalo.com/bangladesh/7mi9cpkzkn

[২] প্রথম আলো ১৪ জানুয়ারী ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/ps9txo9y9e

## সূচীপত্র


মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান: জানুয়ারি-মার্চ ২০২৫ .......... ১
অন্তর্বর্তী সরকার ও সংস্কার .......... ২
*দুর্নীতি দমন কমিশন* .......... ২
*জাতীয় মানবাধিকার কমিশন* .......... ৩
আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ও ন্যায় বিচার .......... ৪
রাজনৈতিক দুর্বৃত্তায়ন ও সহিংসতা .......... ৫
*বিএনপি'র অভ্যন্তরীণ কোন্দল* .......... ৮
*আওয়ামী লীগের দুর্বৃত্তায়ন ও অভ্যন্তরীণ কোন্দল* .......... ১০
রাষ্ট্রীয় নিপীড়ন .......... ১১
*ডেভিল হান্ট অভিযান এবং বিচারবহির্ভুত হত্যাকাণ্ড* .......... ১১
*আইন প্রয়োগকারী সংস্থার সদস্য কর্তৃক নির্যাতন, মর্যাদাহানিকর আচরণ, হেফাজতে মৃত্যু ও জবাবদিহিতার অভাব* .......... ১২
*গুম* .......... ১৩
সংবাদ মাধ্যমের স্বাধীনতা .......... ১৫
তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের অবস্থা .......... ১৭
ধর্মীয় ব্যাপারে ভিন্নমতাবলম্বীদের কার্যক্রমে বাধা ও হামলা .......... ১৯
মৃত্যুদণ্ডের বিধান ও মানবাধিকার .......... ২০
গণপিটুনীতে মানুষ হত্যা .......... ২০
নিবর্তনমূলক সাইবার নিরাপত্তা আইন .......... ২১
সভা-সমাবেশের অধিকার .......... ২১
কারাগার ও মানবাধিকার .......... ২৪
ভারত সরকারের আগ্রাসী নীতি এবং বাংলাদেশ-ভারত সীমান্তে মানবাধিকার লংঘন .......... ২৪
নারীর প্রতি সহিংসতা .......... ২৮
*ধর্ষণ* .......... ২৯
*যৌন হয়রনি* .......... ৩০
*যৌতুক সহিংসতা* .......... ৩১
রোহিঙ্গা জনগোষ্ঠির মানবাধিকার লংঘন .......... ৩১
সুপারিশসমূহ: .......... ৩৩

# মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান: জানুয়ারি-মার্চ ২০২৫

| জানুয়ারী-মার্চ ২০২৫* | | | | | |
|---|---|---|---|---|---|
| মানবাধিকার লঙ্ঘনের ধরন | | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | মোট |
| বিচারবহির্ভূত হত্যাকাণ্ড | পিটিয়ে হত্যা | ৩ | ০ | ০ | ৩ |
| | নির্যাতনে মৃত্যু | ১ | ০ | ১ | ২ |
| | গুলিতে নিহত | ০ | ৩ | ০ | ৩ |
| | মোট | ৪ | ৩ | ১ | ৮ |
| কারাগারে মৃত্যু | | ৬ | ৬ | ৭ | ১৯ |
| মৃত্যুদণ্ডাদেশ | | ৭ | ১১ | ৬ | ২৪ |
| বিএসএফ কর্তৃক মানবাধিকার লঙ্ঘন | বাংলাদেশী নিহত | ২ | ৩ | ১ | ৬ |
| | বাংলাদেশী আহত | ৩ | ৫ | ১ | ৯ |
| | মোট | ৫ | ৮ | ২ | ১৫ |
| সাংবাদিকদের ওপর আক্রমণ | আহত | ৭ | ২০ | ২০ | ৪৭ |
| | লাঞ্ছিত | ৪ | ১ | ৫ | ১০ |
| | আক্রমণ | ০ | ১ | ০ | ১ |
| | হুমকির সম্মুখীন | ০ | ৩ | ২ | ৫ |
| | গ্রেপ্তার | ০ | ০ | ১ | ১ |
| | মোট | ১১ | ২৫ | ২৮ | ৬৪ |
| রাজনৈতিক সহিংসতা | নিহত | ১৩ | ১৩ | ৪১ | ৬৭ |
| | আহত | ৪৭১ | ৬৩২ | ৮৯৬ | ১৯৯৯ |
| নারীর ওপর যৌতুক সহিংসতা | | ২ | ৫ | ৭ | ১৪ |
| ধর্ষণ | মেয়ে শিশু (১৮ বছরের নিচে) | ২১ | ৩৭ | ৯২ | ১৫০ |
| | প্রাপ্ত বয়স্ক নারী | ৬ | ৯ | ৩৯ | ৫৪ |
| | বয়স জানা যায়নি | ১৮ | ১৪ | ২১ | ৫৩ |
| | মোট | ৪৫ | ৬০ | ১৫২ | ২৫৭ |
| যৌন হয়রানীর শিকার | | ০ | ৪ | ৮ | ১২ |
| গণপিটুনীতে মৃত্যু | | ৬ | ১৩ | ১৪ | ৩৩ |

# অন্তর্বর্তীকালীন সরকার ও সংস্কার

১. শেখ হাসিনার সরকার গত সাড়ে ১৫ বছরে দেশের সমস্ত রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে পরিকল্পিতভাবে দলীয়করণের মাধ্যমে তাদের সরকারের আজ্ঞাবহ প্রতিষ্ঠানে রূপান্তরিত করেছিল। বিভিন্ন গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর মধ্যে বিচার বিভাগ, নির্বাচন কমিশন, দুর্নীতি দমন কমিশন ও জাতীয় মানবাধিকার কমিশনকে আওয়ামী লীগ সরকার রাজনৈতিক পরিকল্পনা বাস্তবায়নে ব্যবহার করেছে। গণভ্যুত্থানে শেখ হাসিনা সরকারের পতনের পর অর্ন্তবর্তীকালীন সরকার রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে কার্যকর করার লক্ষ্যে ১১টি কমিশন গঠন করে।[৩] কমিশনগুলো হলোঃ নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন, পুলিশ সংস্কার কমিশন, বিচার বিভাগ সংস্কার কমিশন, দুর্নীতি দমন সংস্কার কমিশন, জন প্রশাসন সংস্কার কমিশন, সংবিধান সংস্কার কমিশন, স্বাস্থ্য সংস্কার কমিশন, গণমাধ্যম সংস্কার কমিশন, শ্রম সংস্কার কমিশন, স্থানীয় সরকার সংস্কার কমিশন ও নারী বিষয়ক সংস্কার কমিশন।

২. ২০২৪ সালের অক্টোবরে গঠিত হওয়া ছয়টি সংস্কার কমিশন গত ৮ ফেব্রুয়ারি ২০২৫ পূর্ণাঙ্গ প্রতিবেদন অন্তর্বতী সরকারের কাছে জমা দেয়। এইসব সংস্কার প্রস্তাব নিয়ে ঐক্যমত্য তৈরির জন্য অর্ন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস এর নেতৃত্বে গঠিত জাতীয় ঐক্যমত্য কমিশনের সঙ্গে বিভিন্ন রাজনৈতিক দলের আলোচনা চলছে। এরমধ্যে পাঁচটি কমিশনের গুরুত্বপূর্ণ সুপারিশগুলোকে ছকের আকারে বিন্যস্ত করা হয়েছে। এই ছকে পুলিশ সংস্কার কমিশনের সুপারিশ যুক্ত করা হয়নি। পুলিশ সংস্কার কমিশন মনে করে, তাদের সুপারিশ প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে বাস্তবায়ন সম্ভব।[৪] মোট ১৬৬টি সুপারিশ গত ৬ মার্চ ৩৪টি রাজনৈতিক দলের কাছে পৌঁছে দেয়া হয়েছে। এরমধ্যে সংবিধান সংস্কার সংক্রান্ত সুপারিশ ৭০টি, নির্বাচন ব্যবস্থা সংস্কার বিষয়ে সুপারিশ ২৭টি, বিচার বিভাগ সংক্রান্ত সুপারিশ ২৩টি, জনপ্রশাসন-সংক্রান্ত সুপারিশ ২৬টি এবং দুর্নীতি দমন কমিশন-সংক্রান্ত সুপারিশ ২০টি। সংস্কার কমিশনগুলোর সুপারিশ বাস্তবায়ন নির্ভর করছে রাজনৈতিকগুলোর ওপর। এই বিষয়ে রাজনৈতিকগুলো ঐক্যমত্যে পৌঁছলে একটি জাতীয় সনদ তৈরি করা সম্ভব হবে।[৫]

## *দুর্নীতি দমন কমিশন*

৩. হাসিনার কর্তৃত্ববাদী শাসন ব্যবস্থায় স্বচ্ছতা ও জবাবদিহিতার অভাবে বাংলাদেশে প্রতিটি ক্ষেত্রে দুর্নীতি ভয়াবহ রূপ নিয়েছিল। সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তার ছোট বোন শেখ রেহানা ও তাদের পরিবারের সদস্যরা, সরকারের মন্ত্রী, এমপি ও আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা থেকে শুরু করে তৃণমূল পর্যায়ের নেতা-কর্মী, সরকার সমর্থক সরকারী কর্মকর্তা, ব্যবসায়ী, বুদ্ধিজীবী ও সাংবাদিকরা ব্যাপক দুর্নীতির মাধ্যমে বিপুল অর্থ অবৈধভাবে লুটপাট করে বিদেশে পাচার করেছে।[৬]

৪. কিন্তু এই সব দুর্নীতির বিরুদ্ধে তৎকালীন দুর্নীতি দমন কমিশন কোন কার্যকর ব্যবস্থা তো গ্রহণ করেইনি বরং সরকারের আজ্ঞাবহ হয়ে বিরোধীদলের নেতা ও ভিন্নমতালম্বী ব্যক্তিদের বিরুদ্ধে হয়রানীমূলক পদক্ষেপ

[৩] প্রথম আলো, ১১ সেপ্টেম্বর ২০২৪; https://en.prothomalo.com/bangladesh/68csnenzkx, ডেইলী স্টার ১৯ নভেম্বর ২০২৪; https://www.thedailystar.net/news/bangladesh/news/govt-forms-five-new-reform-commissions-3755736
[৪] প্রথম আলো, ১৬ মার্চ ২০২৫; https://en.prothomalo.com/bangladesh/ucsonm70ge
[৫] প্রথম আলো ১০ মার্চ ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/lco4522jjb
[৬] যুগান্তর ২৪ ডিসেম্বর ২০২৪; https://www.jugantor.com/crime/894415

নিয়েছে। অন্তর্বর্তী সরকার ক্ষমতায় আসার পর দুর্নীতি দমন কমিশনের নতুন চেয়ারম্যান ও কমিশনার নিয়োগ দেয়। কিন্তু বর্তমানে সংস্থাটিতে বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তারা প্রেষণে নিয়োগ পাচ্ছেন। যাঁদের মধ্যে কক্সবাজার পৌরসভার 'পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)র ভবন নির্মাণ প্রকল্পে ভূমি অধিগ্রহণের সময় দুর্নীতির মাধ্যমে ২২ কোটি ২১ লাখ টাকা আত্মসাৎ করার অভিযোগে দায়ের করা মামলার আসামি আমিন আল পারভেজকে পরিচালক পদে নিয়োগ দেয়া হয়েছে।[৭] এছাড়া কর্তৃত্ববাদী হাসিনা সরকারের আমলে সুবিধাভোগী প্রেষণে নিয়োগ পাওয়া অন্তত ৫০ জন কর্মকর্তা এখনও স্বপদে বহাল আছেন। ফলে দুদকের কার্যক্রমে সমন্বয়হীনতা সৃষ্টি হয়েছে। একই সঙ্গে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং সংস্কার কমিশনের প্রস্তাবিত সুপারিশগুলো বাস্তবায়ন করা কঠিন হয়ে পড়েছে। প্রশাসন ক্যাডারের কর্মকর্তরা চাকরি জীবনে মামলা তদন্তের অভিজ্ঞতা অর্জন না করলেও তারা দুদকে প্রেষণে বছরের পর বছর চাকরি করছেন। যদিও দুদকের বিধিতে বলা আছে, প্রেষণে নিয়োগ পাওয়া কর্মকর্তা-কর্মচারীরা অনাধিক তিন বছর থাকতে পারবেন। তাছাড়া প্রশাসনের লোকজন ব্যাপকভাবে দুর্নীতির সঙ্গে জড়িত হওয়ায় তাদের রক্ষা করার জন্য প্রশাসনের কর্মকর্তাদের দুদকে প্রেষণে পাঠানো হয় বলে অভিযোগ পাওয়া গেছে।[৮]

## *জাতীয় মানবাধিকার কমিশন*

৫. সেনা সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের সময়ে ২০০৮ সালে জাতীয় মানবাধিকার কমিশন গঠিত হয়। আওয়ামীলীগ সরকারের সময়ে এসে এই প্রতিষ্ঠানটি অকার্যকর হয়ে পড়ে এবং দলীয় প্রতিষ্ঠানে রূপান্তরিত হয়। দেশে মতপ্রকাশের স্বাধীনতা চরমভাবে লঙ্ঘিত হওয়া এবং গুম, নির্যাতন ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ডসহ বিভিন্ন ধরনের মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটলেও বিগত সরকারের অনুগত জাতীয় মানবাধিকার কমিশনগুলোর কাছ থেকে মানবাধিকার লঙ্ঘনের শিকার ভুক্তিভোগীরা কোনই প্রতিকার পায়নি। এমনকি জুলাই-অগাষ্টের ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের সময় নজীরবিহীন মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটলেও জাতীয় মানবাধিকার কমিশন এই ব্যাপারে কোনই ভূমিকা রাখেনি।[৯] অথচ মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে ভূমিকা রাখতে জাতীয় মানবাধিকার কমিশনকে দাতাসংস্থাগুলো বিপুল পরিমাণ অর্থ বরাদ্দ করেছিল। ব্যাপক সমালোচনার মুখে ৭ নভেম্বর ২০২৪ কমিশন চেয়ারম্যান কামাল উদ্দিন আহমেদসহ সব সদস্য পদত্যাগ করতে বাধ্য হন।[১০] ৫ মাস পেরিয়ে গেলেও অন্তর্বর্তী সরকার প্রতিষ্ঠানটি পূর্ণগঠন করেনি। অথচ কর্তৃত্ববাদী সরকারের আমলে সংঘঠিত ব্যাপক মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো নিয়ে কাজ করার জন্য প্রয়োজনীয় আইন সংশোধনের মাধ্যমে জাতীয় মানবাধিকার কমিশনকে একটি শক্তিশালী ও কার্যকরী রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার প্রয়োজন রয়েছে।

---

[৭] ইনকিলাব, ১৭ ফেব্রুয়ারি ২০২৫;; https://dailyinqilab.com/national/news/733544

[৮] যুগান্তর ১৯ ফেব্রুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/918610

[৯] অধিকার এর সংগৃহীত তথ্য

[১০] প্রথম আলো, ৭ নভেম্বর ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/hvtrvmy3n8

# আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ও ন্যায় বিচার

৬. নির্বিচারে গুলি করে ছাত্র-জনতাকে হত্যার অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার সহযোগীদের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে গণহত্যা, গুম ও মানবতাবিরোধী অপরাধের অভিযোগ দায়ের অব্যাহত রয়েছে।[১১] এই সময়ে বেশ কিছু প্রমাণও ট্রাইব্যুনালের হাতে এসেছে। এরমধ্যে ছাত্র-জনতার আন্দোলন দমাতে জুলাই-অগাস্টে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) এর হেলিকপ্টার থেকে গুলি ছোঁড়ার প্রমাণ পাওয়া গেছে। তাই সেই সময়কার র‍্যাবের মহাপরিচালক হারুন অর রশীদকে গ্রেফতারের পরোয়ানা জারি করে ট্রাইব্যুনাল।[১২] গত ৯ জানুয়ারি বিএনপি ২০০৮ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত তাদের ২ হাজার ২৭৬ জন নেতা-কর্মীকে বিচারবহির্ভূতভাবে হত্যা এবং ১৫৩ জনকে গুম করার অভিযোগে ট্রাইব্যুনালে অভিযোগ দায়ের করে।[১৩] গত ১২ মার্চ ২০১৩ সালের ৫ মে শাপলা চত্বরে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে গণহত্যা চালানোর অভিযোগে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল শেখ হাসিনাসহ নয় জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করে।[১৪]

৭. জুলাই-অগাষ্টের ছাত্র-জনতার অভ্যুত্থানে মানবাধিকার লঙ্ঘন ও ক্ষমতার অপব্যবহারের বিষয়ে গত ১২ ফেব্রুয়ারি জেনেভাতে অবস্থিত জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাই কমিশনারের দপ্তর থেকে একটি তদন্ত প্রতিবেদন প্রকাশ করা হয়। তদন্ত প্রতিবেদনে অভ্যুত্থানের সময় আওয়ামী লীগের সহিংস কর্মকাণ্ডের পাশাপাশি বিগত হাসিনা সরকার এবং নিরাপত্তা ও গোয়েন্দা সংস্থাগুলো পদ্ধতিগতভাবে গুরুতর মানবাধিকার লঙ্ঘনে জড়িত ছিল বলে উল্লেখ করা হয়। প্রতিবেদন প্রকাশের সময় মানবাধিকার বিষয়ক হাই কমিশনার ভলকার টুর্ক বলেন, গণবিক্ষোভের মুখে ক্ষমতা আঁকড়ে রাখতে একটি পরিকল্পিত এবং সুসমন্বিত কৌশল হিসেবে এমন নৃশংস পদক্ষেপ নিয়েছিল বিগত সরকার। বিক্ষোভ দমন করার জন্য কৌশলের অংশ হিসেবে রাজনৈতিক নেতৃত্ব এবং উর্ধ্বতন নিরাপত্তা কর্মকর্তাদের জ্ঞাতসারে, তাদের সমন্বয় ও নির্দেশনায় শত শত বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, নির্বিচারে গ্রেফতার, আটক এবং নির্যাতন চালানো হয়েছে বলে বিশ্বাস করার যুক্তিসংগত কারণ রয়েছে। ভলকার টুর্ক আরো বলেন, "আমরা যে সাক্ষ্য এবং প্রমান সংগ্রহ করেছি, তা ব্যাপক রাষ্ট্রীয় সহিংসতা এবং টার্গেট করে হত্যার এক উদ্বেগজনক চিত্র তুলে ধরেছে, যা সবচেয়ে গুরুতর মানবাধিকার লঙ্ঘনের ঘটনার মধ্যে পরে এবং যা আন্তর্জাতিক অপরাধের শামিল বলেও বিবেচিত হয়।"[১৫]

৮. *অধিকার* মনে করে ট্রাইব্যুনালের আন্তর্জাতিক মান বজায় রেখে সুষ্ঠু বিচার প্রক্রিয়া নিশ্চিত করতে পারলে ভুক্তভোগী ও তাঁদের পরিবারগুলোর ন্যায় বিচার পাওয়া সম্ভব হবে। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময় সংঘঠিত মানবতাবিরোধী অপরাধের বিচারের জন্য ২০১০ সালে হাসিনা সরকারের অধীনে প্রতিষ্ঠিত এই ট্রাইব্যুনাল অতীতে ন্যায় বিচারের পথ রুদ্ধ করেছে। যার মধ্যে ছিল প্রমান সংগ্রহে ব্যর্থতা, বিচারকদের

---

[১১] ডেইলী স্টার ২০ আগস্ট ২০২৪; https://www.thedailystar.net/news/bangladesh/crime-justice/news/hasina-faces-another-ict-case-3681431

[১২] ডেইলী স্টার ২৬ জানুয়ারি ২০২৫; https://www.thedailystar.net/news/bangladesh/crime-justice/news/ict-issues-arrest-warrants-against-ex-rab-dg-harun-3808711

[১৩] ডেইলী স্টার, ১০ জানুয়ারি ২০২৫; https://www.thedailystar.net/news/bangladesh/crime-justice/news/bnp-files-two-ict-complaints-against-hasina-3795396

[১৪] বিজনেজ স্টেটস্ডার্ড, ১২ মার্চ ২০২৫; https://www.tbsnews.net/bangladesh/court/ict-issues-warrant-against-hasina-9-others-over-mass-killing-shapla-chattar-1090646

[১৫] ইউএন রিপোর্ট, ১২ ফেব্রুয়ারী ২০২৫; https://bangladesh.un.org/en/289108-bangladesh-un-report-finds-brutal-systematic-repression-protests-calls-justice-serious

স্বাধীনতার অভাব, প্রসিকিউটারদের সাথে সরকারের যোগসাজশ, সাক্ষীদের ওপর হস্তক্ষেপ, আত্মপক্ষ সমর্থনের যথাযথ অধিকার অস্বীকার, অভিযুক্তের স্বজনকে জোরপূর্বক গুম করার মাধ্যমে মৃত্যুদণ্ড কার্যকর করা।[১৬] ট্রাইব্যুনাল ভারতের সঙ্গে বাংলাদেশের প্রত্যার্পণ চুক্তির অধীনে হাসিনাকে বাংলাদেশে ফেরত পাঠানোর জন্য অনুরোধ জানিয়েছে, যেন তাকে বিচারের মুখোমুখি করা যায়। এছাড়া আওয়ামী লীগের বেশ কয়েকজন অভিযুক্ত নেতাও ভারত বা অন্যান্য দেশে পালিয়ে গেছে। *অধিকার* মনে করে ভারতসহ অন্যান্য দেশের সরকার গুলোর সরকারের উচিত বাংলাদেশের ন্যায়বিচার প্রক্রিয়াকে সমর্থন জানানো।

# রাজনৈতিক দুর্বৃত্তায়ন ও সহিংসতা

৯. ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে কর্তৃত্ববাদী হাসিনা সরকার ক্ষমতাচ্যুত হলেও রাজনৈতিক দুর্বৃত্তায়ন, সহিংসতা ও চাঁদাবাজি অব্যাহত আছে। এই সময়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি), জামায়াতে ইসলামী এবং বৈষম্যবিরোধী ছাত্র সমন্বয়কদের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ উঠেছে। ভুক্তভোগীরা জানিয়েছেন, আগের তুলনায় চাঁদার পরিমান বেড়েছে। বৈষম্যবিরোধী ছাত্র সমন্বয়কদের নামে চাঁদাবাজির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য ২০২৪ সালের ২৯ অগাষ্ট দুদকের চেয়ারম্যানের সঙ্গে সাক্ষাৎ করেন দুই সমন্বয়ক সারজিস আলম ও হাসনাত আবদুল্লাহ। ফেনী আলিয়া কামিল মাদরাসার অধ্যক্ষ মাওলানা মাহমুদুল হাসানকে মামলা থেকে অব্যহতি দেওয়ার আশ্বাসে চাঁদা দাবি করেন জেলা জামায়াতে ইসলামীর রুকন (জামায়াতে ইসলামীর পূর্ণ সদস্য) জাকির হোসেন।[১৭] দিনাজপুরে পুলিশের ওসি পরিচয়ে সংখ্যালঘু সম্প্রদায়ের এক ব্যক্তিকে অপহরণ করে চাঁদা আদায় করতে গেলে কতোয়ালী উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আব্দুর রাজ্জাককে স্থানীয় জনতা ধরে গণপিটুনী দিয়ে পুলিশে দেয়।[১৮] নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জে চাঁদা না পেয়ে চারশ এর বেশী দোকান দখলের অভিযোগ পাওয়া গেছে বিএনপির কর্মী-সমর্থকদের বিরুদ্ধে। [১৯] এছাড়া বিএনপিএর নেতা-কর্মীদের বিরুদ্ধে বাড়ি দখল[২০], মাইকে ঘোষণা করে অস্ত্রের মহড়া দিয়ে চাঁদাবাজি[২১], দিঘি থেকে মাছ লুট[২২], টেন্ডার বাক্স লুট[২৩], চাঁদা না দেয়ায় বাস পুড়িয়ে দেয়া[২৪], চোরাচালানের সঙ্গে যুক্ত থাকা[২৫], কৃষকের সার পাচার[২৬], পুলিশ কর্মকর্তাকে মারধর[২৭], শিক্ষক[২৮] ও শিক্ষার্থীকে[২৯] মারধর, থানা থেকে আসামী ছিনতাই[৩০], আসামী ছিনিয়ে নিতে থানায় হামলা[৩১], নারী

---

[১৬] হিউম্যান রাইটস ওয়াচ, ২২ অক্টোবর ২০২৪; https://www.hrw.org/news/2024/10/22/bangladesh-arrest-warrant-sheikh-hasina
[১৭] আমার দেশ ১৩ মার্চ ২০২৫; https://eamardesh.com/2025-03-13
[১৮] সমকাল ১০ জানুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/274670/
[১৯] যুগান্তর ১২ জানুয়ারি ২০২৫; https://epaper.jugantor.com/storage/2025-01-12/12/link_img_second_ed_1736650948_5.jpg
[২০] যুগান্তর ৫ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/bnp/899620
[২১] যুগান্তর ২৩ ফেব্রুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-second-edition/920453
[২২] সমকাল ২ ফেব্রুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/278550/
[২৩] মানবজমিন ৪ ফেব্রুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=147068
[২৪] মানবজমিন ২ ফেব্রুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=146819
[২৫] সমকাল ১৩ মার্চ ২০২৫; https://samakal.com/whole-country/article/285339/
[২৬] সমকাল ৬ ফেব্রুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/279295/
[২৭] যুগান্তর ১১ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/country-news/901994
[২৮] সমকাল ৩ ফেব্রুয়ারি ২০২৫; https://epaper.samakal.com/nogor-edition/2025-02-03/11/960
[২৯] যুগান্তর ৩০ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/campus/910478
[৩০] প্রথম আলো ১১ জানুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/9a0rc06xho

পুলিশের ওপর হামলা[৩২] সাধারণ নাগরিককে গুলি করে হত্যা[৩৩] সহ বিভিন্ন অভিযোগ পাওয়া গেছে। উদাহরণস্বরূপ  বরিশালে বিএনপির নেতা-কর্মীরা প্রায় সব কিছুই দখলে নিয়েছেন। এরমধ্যে রয়েছে হাট-বাজার, লঞ্চঘাট, বাস টার্মিনাল, চেম্বার অব কমার্সসহ অন্যান্য প্রতিষ্ঠান।[৩৪] নরসিংদী শহর যুবদলের সভাপতি মাহমুদুল হাসান চৌধুরী সুমনের বিরুদ্ধে নরসিংদী রেলওয়ে স্টেশনে চাঁদাবাজি, শ্লীলতাহানি ও ষ্টেশনের স্টাফদের ওপর সহিংসতার অভিযোগ পাওয়া গেছে।[৩৫]



*তদন্তে গিয়ে বিএনপি নেতার মারধরের শিকার আহত পুলিশ কর্মকর্তা। ছবি: যুগান্তর ১১ জানুয়ারি ২০২৫*



*জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আহত শিক্ষার্থী। ছবি: যুগান্তর ৩০ জানুয়ারি ২০২৫*

---

[৩১] আমার দেশ ২৫ জানুয়ারি ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl11_row10_date_25-01-2025_edition_1_page3_102923_482350_watermarked_3ddfa86d-a74b-4412-9dbb-87ec251ddb26.jpg, যুগান্তর ১৯ মার্চ ২০২৫; https://epaper.jugantor.com/storage/2025-03-19/2/link_img_second_ed_1742352066_17.jpg

[৩২] বাংলাট্রিবিউন, ৯ মার্চ ২০২৫; https://www.banglatribune.com/country/dhaka/889423/

[৩৩] প্রথম আলো ১৭ জানুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/me3ebtj597

[৩৪] যুগান্তর ২৭ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/908884

[৩৫] সমকাল ২৭ ফেব্রুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/282858/

১০. এই সময়ে বিএনপি'র নেতা-কর্মীদের সঙ্গে জামায়েতে ইসলামী[৩৬] ও আওয়ামী লীগের নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। আওয়ামী লীগের নেতার বাড়িতে হামলা করে লুটপাট ও আগুন দেয়া হয়েছে। সাধারণ মানুষের বাড়িতে হামলা ও ভাঙ্গচুর করার সময় এক যুবদল নেতাকে স্থানীয় জনতা গণপিটুনী দিয়ে হত্যা করেছে।[৩৭] সংঘর্ষে আগ্নেয়াস্ত্র ব্যবহার করা হয়েছে।[৩৮] বিএনপি নেতার বাড়ি থেকে অস্ত্র ও গুলি উদ্ধার করেছে সেনাবাহিনী।[৩৯] এছাড়া ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত ভারতে পালিয়ে থাকা সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতীয় শাসকগোষ্ঠির প্রত্যক্ষ মদদে অনলাইনে নেতা-কর্মীদের উদ্দেশ্যে বিভিন্ন ধরনের উস্কানীমূলক বক্তব্য দেয়ায় আইন শৃঙখলা পরিস্থিতির অবনতি হয়। হাসিনার এক বক্তব্যকে ঘিরে ছাত্র ও জনতার মধ্যে ক্ষোভ সৃষ্টি হলে গত ৫ ফেব্রুয়ারি ঢাকার ধানমন্ডির ৩২ নম্বর সড়কে অবস্থিত শেখ হাসিনার পৈত্রিক বাড়ি ভেঙ্গে গুঁড়িয়ে দেয়া হয়[৪০] এবং দেশের ৩৫ জেলায় আওয়ামী লীগের নেতা, সাবেক মন্ত্রী ও সংসদ সদস্যদের ৩৩টি বাড়িতে হামলা, ভাঙচুর ও আগুন দেয়া হয়।[৪১]

১১. গত ৩ জানুয়ারি রাজশাহীর বাগমারায় বিলের দখল নিয়ে বিএনপি এবং আওয়ামী লীগের মধ্যে সংঘর্ষে ১৫ জন আহত[৪২] এবং গত ২১ মার্চ নরসিংদী জেলার রায়পুরা এলাকায় অধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপি এবং আওয়ামী লীগের মধ্যে সংঘর্ষে বাশার ও আমিন নামে দুই ব্যক্তি নিহত হন।[৪৩]

১২. গত ৩ ফেব্রুয়ারি ফরিদপুরে বিএনপি এবং আওয়ামী লীগের নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষের সময় ৩০টি বাড়ী ভাঙচুর করা হয় এবং ৮ জন আহত হন।[৪৪]



*ফরিদপুর সদর উপজেলার ফুসরা গ্রামে আওয়ামী লীগ ও বিএনপির নেতাকর্মীর মধ্যে সংঘর্ষের সময় বাড়িঘরে হামলা চালানো হয়। ছবি: সমকাল ৪ ফেব্রুয়ারি ২০২৫*

১৩. গত ১৮ ফেব্রুয়ারি ছাত্র রাজনীতি বন্ধের দাবিকে কেন্দ্র করে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় দেড় শতাধিক আহত হন।[৪৫]

---

[৩৬] মানবজমিন ৭ জানুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=143019
[৩৭] যুগান্তর ২৪ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/country-news/907931
[৩৮] সমকাল ২৯ জানুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/277856/
[৩৯] মানবজমিন ২৫ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=153922
[৪০] মানবজমিন ৬ ফেব্রুয়ারি ২০২৫; https://m.mzamin.com/news.php?news=147406
[৪১] প্রথম আলো ৭ ফেব্রুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/hmojqpxuxl
[৪২] যুগান্তর ৩ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/country-news/898800
[৪৩] সমকাল ২২ মার্চ ২০২৫; https://samakal.com/bangladesh/article/286687/
[৪৪] সমকাল ৪ ফেব্রুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/278887/



*খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও ছাত্রদলের সংঘর্ষে আহত ছাত্র নিলয় আহমেদকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে এসেছেন তাঁর সহপাঠীরা। ছবি: প্রথম আলো ১৯ ফেব্রুয়ারি ২০২৫*

১৪. গত ১৩ মার্চ গাজীপুরের কালিগঞ্জে জামায়াতে ইসলামীর ইফতার মহফিলে বিএনপির নেতা-কর্মীরা হামলা চালায়।[৪৬]

১৫. গত ২৯ মার্চ ফেনীর দাগনভূঞায় ঈদের জামাতের জায়গা নিয়ে বিরোধের জের ধরে বিএনপি এবং আওয়ামী লীগের নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষে ২৫ জন আহত হন।[৪৭]

## *বিএনপি'র অভ্যন্তরীণ কোন্দল*

১৬. বিএনপির নেতা-কর্মীরা এলাকায় অধিপত্য বিস্তার নিয়ে নিজেদের মধ্যে সংঘর্ষে লিপ্ত হন। [৪৮] এইসব সংঘর্ষে সাধারণ মানুষসহ[৪৯] হতাহতের শিকার হয়েছেন দলীয় নেতা-কর্মীরা। এই অধিপত্য বিস্তারের কারণ ছিল অসহায় ও দরিদ্রদের জন্য ভর্তুকি মূল্যে চাল বিতরণ কর্মসূচীর তালিকা নিয়ে[৫০], দখল ও চাঁদাবাজি[৫১], বাসের কাউন্টার দখল[৫২], কমিটি গঠন[৫৩], ঝুট ব্যবসা নিয়ন্ত্রণ[৫৪], বালু মহালের টেন্ডারবাজি[৫৫], ঠিকাদারী[৫৬], টিসিবির কার্ড ও ভিজিএফের চাল বিতরণ[৫৭] সহ বিভিন্ন স্বার্থ সংশ্লিষ্ট দ্বন্দ্ব।[৫৮]

---

[৪৫] প্রথম আলো ১৯ ফেব্রুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/fisxgu0xa4

[৪৬] প্রথম আলো, ১৪ মার্চ ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/mnuytm2q0z

[৪৭] যুগান্তর ৩০ মার্চ ২০২৫; https://www.jugantor.com/tp-news/935567

[৪৮] আমার দেশ ১০ মার্চ ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl8_row7_date_10-03-2025_edition_2_page2_17805_505546_updated_watermarked_a1556282-5cc0-46c0-9366-926b27460a24.jpg

[৪৯] যুগান্তর ২৭ মার্চ ২০২৫; https://www.jugantor.com/index.php/tp-lastpage/934333

[৫০] প্রথম আলো ১৮ মার্চ ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=183fee0726d&eid=1&imageview=0&epedate=18/03/2025&sedId=1

[৫১] যুগান্তর ২৩ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/country-news/907296

[৫২] মানবজমিন ৯ ফেবুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=147785

[৫৩] যুগান্তর ৮ জানুয়ারী ২০২৫; https://www.jugantor.com/country-news/900916

[৫৪] প্রথম আলো ৬ ফেব্রুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/ymz50geb59

[৫৫] যুগান্তর ১৮ মার্চ ২০২৫; https://www.jugantor.com/country-news/930872

[৫৬] সমকাল ২৩ জানুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/276802/

[৫৭] সমকাল ৮ মার্চ ২০২৫; https://samakal.com/whole-country/article/284385/

১৭. গত ১২ জানুয়ারি কিশোরগঞ্জের তারাইলে কমিটি গঠন নিয়ে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে রাউতি ইউনিয়ন বিএনপির সভাপতি আবুল হাসান রতন নিহত হন।[৫৯]

১৮. গত ১ ফেব্রুয়ারি কুমিল্লার নাঙ্গলকোট উপজেলায় যুবদলের কর্মীসভাকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের সময় সেলিম ভূঁইয়া নামে এক বিএনপি কর্মীকে পিটিয়ে হত্যা করা হয়।[৬০]

১৯. গত ৮ মার্চ রাজশাহীতে আওয়ামী লীগের এক নেতাকে গ্রেফতার করাকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে গোলাম হোসেন রকি নামে এক রিকশাচালক গুরুতর আহত হন। রকিকে হাসপাতালে নিয়ে গেলে সেখানে তাঁর চিকিৎসায় বাধা দেয়া হয়। গত ৯ মার্চ রকির স্ত্রী পরিবানু বেগম বোয়ালিয়া থানায় মামলা করতে গেলে পুলিশ মামলা নেয়নি। গত ১১ মার্চ রকি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান।[৬১]

২০. গত ২৬ মার্চ চট্টগ্রামের মীরসরাইয়ে বিএনপি'র দুই পক্ষের মধ্যে সংঘর্ষে মোহাম্মদ জাবেদ নামে এক পথচারী নিহত হন।[৬২]

২১. কর্তৃত্ববাদী সরকারের পতনের পর বিভিন্ন মামলায় নিরাপরাধ ব্যক্তিকে মামলায় সম্পৃক্ত করা এবং গ্রেফতার করার অভিযোগ পাওয়া গেছে। জামালপুর জেলার মেলান্দহে বিএনপির কার্যালয়ে নাশকতার অভিযোগে যুবদলের আহ্বায়ক মোহাম্মদ মনোয়ার হোসেন ২০২৪ সালের ২৯ অক্টোবর বাদী হয়ে একটি মামলা দায়ের করেন। এই মামলায় অজ্ঞাতনামা আসামী হিসেবে কে জি এস মহর সোবহান মফিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সমাজসেবী জুলফিকার আলী ওরফে লেবু মাস্টারকে গত ৮ মার্চ গ্রেফতার করে মেলান্দহ থানা পুলিশ। এলাকাবাসী জানিয়েছে এই শিক্ষক পরোপকারী এবং কোন রাজনৈতিক দলের সঙ্গে সম্পৃক্ত নন। এমনকি মামলার বাদীও তাঁকে চেনেন না বলে জানান।[৬৩] মামলায় জড়িয়ে দেয়ার হুমকি দিয়ে ব্যাপকভাবে চাঁদাবাজি করার অভিযোগও পাওয়া গেছে এই সময়ে।[৬৪] এইসব মামলায় মৃত ও প্রবাসে[৬৫] অবস্থানকারী ব্যক্তিকেও আসামী করা হয়েছে।

২২. ২০১৮ সালে আওয়ামী লীগের নির্বাচনী প্রচার কেন্দ্রে ভাঙচুর, অগ্নিসংযোগের অভিযোগে উর্দু স্পিকিং পিপলস ইয়ুথ রিহ্যাবিলিটেশন মুভমেন্টের সভাপতি সাদাকাত খান ফাক্কুসহ অন্তত ৭০ জনের বিরুদ্ধে মামলা হয়। ওই বছরই খালেদা জিয়ার মুক্তির দাবিতে মিছিল এবং নাশকতার চেষ্টার অভিযোগে দায়ের করা দুই মামলায় অভিযোগপত্রে উর্দু স্পিকিং পিপলস ইয়ুথ রিহ্যাবিলিটেশন মুভমেন্টের একাধিক নেতাকে জড়ানো হয়। সেইসব মামলার বিচার এখনও চলমান। ২০২৪ সালের ৫ অগাষ্টের পর বৈষম্যবিরোধী আন্দোলনের সময় গুলি চালিয়ে হত্যা করার অভিযোগে দায়ের করা দুটি মামলাতেও সাদাকাত খান ফাক্কুসহ অন্যান্যদের আসামী করা হয়েছে।[৬৬]

---

[৫৮] যুগান্তর ৭ মার্চ ২০২৫; https://www.jugantor.com/bnp/925507
[৫৯] প্রথম আলো ১২ জানুয়ারী ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/kqt4c5a12b
[৬০] প্রথম আলো ১ ফেব্রুয়ারী ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/zjc1gmpwth
[৬১] যুগান্তর ১৩ মার্চ ২০২৫; https://www.jugantor.com/tp-news/928306, ডেইলী স্টার, ১৪ মার্চ ২০২৫; https://www.thedailystar.net/news/bangladesh/crime-justice/news/killed-my-eyes-widow-devasted-after-auto-rickshaw-driver-dies-bnp-clash-3847946
[৬২] যুগান্তর ২৭ মার্চ ২০২৫; https://www.jugantor.com/index.php/tp-lastpage/934333
[৬৩] প্রথম আলো ৯ মার্চ ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/idfx7pkfh3
[৬৪] মানবজমিন ২ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=150577
[৬৫] মানবজমিন ১৩ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=152205
[৬৬] সমকাল ৫ ফেব্রুয়ারী ২০২৫; https://samakal.com/bangladesh/article/279091/

## *আওয়ামী লীগের দুর্বৃত্তায়ন ও অভ্যন্তরীণ কোন্দল*

২৩. আওয়ামী লীগের অধিকাংশ নেতা-কর্মীরাই ২০২৪ সালের ৫ অগাস্টের পর আত্মগোপনে চলে গেলেও দেশের বিভিন্ন জায়গায় আওয়ামী লীগের একদল নেতা-কর্মীরা নিজেদের মধ্যে সংঘাত ও সংঘর্ষে লিপ্ত রয়েছে।[৬৭] দেশে ছিনতাই, চাঁদাবাজি ও ডাকাতির মতো অপরাধ উদ্বেগজনক হারে বেড়ে যাওয়ার পেছনে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের ছাত্র সংগঠন ছাত্রলীগ অনেকাংশে দায়ি বলে অভিযোগ পাওয়া গেছে। নিষিদ্ধ ঘোষিত[৬৮] এই সংগঠনটির নেতা-কর্মীরা পরিকল্পিতভাবে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন জায়গায় পেশাদার অপরাধীদের নানা পন্থায় এইসব অপরাধমূলক কর্মকাণ্ডে যুক্ত করেছ বলে অভিযোগ পাওয়া গেছে।[৬৯]

২৪. গত ৭ মার্চ ঢাকার মোহাম্মদপুরে কবি ও রাজনৈতিক বিশ্লেষক ফরহাদ মজহার এবং মৎস ও পশু সম্পদ উপদেষ্টা ফরিদা আখতারের মালিকানাধীন প্রতিষ্ঠান *প্রবর্তনায়* বোমা নিক্ষেপের ঘটনা ঘটেছে।[৭০] ফরহাদ মজহার বিগত হাসিনা সরকারের একজন কঠোর সমালোচক ছিলেন। এর প্রেক্ষিতে ২০১৭ সালে অজ্ঞাত নামা ব্যক্তিরা তাঁকে তুলে নিয়ে যায় এবং পরবর্তীতে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা তাঁকে উদ্ধার করে। পরে তিনি এই ঘটনা নিয়ে আর মুখ খুলেননি, তাই ধারনা করা হয়, এই ঘটনার সঙ্গে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা জড়িত ছিলো। অন্য ঘটনায় ঢাকার মোহাম্মদপুর আওয়ামী লীগ এর নেতা মোহাম্মদ সেলিম ছাত্র-জনতার আন্দোলনে গুলি ছোঁড়ার ঘটনায় গ্রেফতার হওয়ার পর জামিনে মুক্তি পেয়ে জেল থেকে বের হয়ে এক সরকারী কর্মচারিকে কুপিয়ে হত্যা করার চেষ্টা করেছে। [৭১]

২৫. গত ৪ ফেব্রুয়ারি দিনাজপুরের ফুলবাড়িতে বিএনপির মিছিলে আওয়ামী লীগের নেতা-কর্মীরা হাতে বানানো বোমা ছুঁড়ে মারলে তিন জন আহত হন।[৭২]

২৬. গত ১৫ মার্চ আওয়ামী লীগের নেতা-কর্মীরা রংপুরের বদরগঞ্জ উপজেলা বিএনপির কার্যালয়ে ভাঙচুর ও লুটপাট করে।[৭৩]

২৭. এছাড়া স্বার্থসিদ্ধির জন্য আওয়ামী লীগের নেতা-কর্মীদের নিজেদের মধ্যে কোন্দলের জন্য সংঘাত-সংঘর্ষ[৭৪] এখনও অব্যাহত আছে। আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে গত ৬ জানুয়ারি রংপুরের পীরগাছায় তিস্তার চর দখলকে কেন্দ্র করে আওয়ামী লীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে দরবেশ আলী নামে এক ব্যাক্তি নিহত হন।[৭৫]

২৮. গত ২৬ জানুয়ারি নরসিংদীর রায়পুরায় আওয়ামী লীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে আলমগীর হোসেন আলম ও আলী আহমেদ নিহত হন। [৭৬]

---

[৬৭] দি ফাইনান্সিয়াল এক্সপ্রেস, ২৬ জানুয়ারী ২০২৫; https://thefinancialexpress.com.bd/bn/nrsingdeete-aoozamee-leeger-dui-gruper-mdhze-sngghrsh-niht-2

[৬৮] ডেইলী স্টার, ২৪ অক্টোবর ২০২৪; https://www.thedailystar.net/news/bangladesh/politics/news/chhatra-league-banned-3734816

[৬৯] যুগান্তর ১১ মার্চ ২০২৫; https://www.jugantor.com/politics/927276

[৭০] সমকাল ৮ মার্চ ২০২৫; https://samakal.com/crime/article/284348/

[৭১] মানবজমিন ১৬ ফেব্রুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=148686

[৭২] আমার দেশ ৫ ফেব্রুয়ারি ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl4_row3_date_05-02-2025_edition_1_page2_960386_512731_watermarked_889b7fac-0664-4d27-be3d-52fad0d66a97.jpg

[৭৩] দৈনি সংবাদ সারাবেলা, ১৬ মার্চ ২০২৫; https://sangbadsarabela.com/country/article/64562/

[৭৪] মানবজমিন ১২ জানুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=143656

[৭৫] যুগান্তর ৬ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-news/899733

[৭৬] ডেইলী অভজারভার ২৬ জানুয়ারি ২০২৫; https://www.observerbd.com/news/509214

২৯. গত ৮ মার্চ মাদারীপুর সদর উপজেলায় আওয়ামী লীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনায় দুই সহোদর সাইফুল সরদার ও আতাউর সরদার এবং তাঁদের চাচাতো ভাই পলাশ সরদার নিহত হন।[৭৭]

৩০. **চলতি বছরের জানুয়ারী থেকে মার্চ পর্যন্ত সময়ে রাজনৈতিক সহিংসতায় কমপক্ষে ৬৭ জন নিহত ও ১৯৯৯ জন আহত হয়েছেন। এই তিন মাসে আওয়ামী লীগের ০৬ টি ও বিএনপি'র ১৬৪ টি অভ্যন্তরীণ সংঘাতের ঘটনা রেকর্ড করা হয়েছে। আওয়ামী লীগের অভ্যন্তরীণ সংঘাতে ০৪ জন নিহত ও ২৬ জন আহত এবং বিএনপি'র অভ্যন্তরীণ সংঘাতে ২৮ জন নিহত ও ১২৫৫ জন আহত হয়েছেন বলে জানা গেছে।**

# রাষ্ট্রীয় নিপীড়ন

## *ডেভিল হান্ট অভিযান এবং বিচারবহির্ভুত হত্যাকাণ্ড*

৩১. গত ৭ ফেব্রুয়ারি রাতে সাবেক মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী মোজাম্মেল হকের গাজীপুরের বাড়িতে দুর্বৃত্তদের আক্রমনের শিকার হন ১৫/১৬ জন শিক্ষার্থী। এই ঘটনার পর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলোর সমন্বয়ে এক যৌথ সভায় 'অপারেশন ডেভিল হান্ট' পরিচালনার সিদ্ধান্ত হয়[৭৮] এবং 'যৌথবাহিনী' গঠন করে দেশের আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণ করার চেষ্টা করা হয়। কিন্তু এই সময়েও আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে সাদা পোশাকে অপারেশন চালানো, বিভিন্ন অপরাধে যুক্ত হওয়া এবং নির্যাতন ও বিচারবহির্ভূত হত্যার অভিযোগ পাওয়া গেছে।[৭৯]

৩২. গত ১২ জানুয়ারি গভীর রাতে নোয়াখালী জেলার সোনাইমুড়ীতে যৌথ বাহিনী অভিযান চালিয়ে ছাত্রদলের সাবেক নেতা আবদুর রহমান ও তাঁর ভাতিজা হাবিবুর রহমানকে আটক করে। আটকের পর নির্যাতন এবং সময়মতো চিকিৎসা না দেয়ায় পরদিন নোয়াখালী জেনারেল হাসপাতালে আবদুর রহমান মারা যান বলে তাঁর চাচাতো ভাই মোহাম্মদ হানিফ অভিযোগ করেন। নোয়াখালী জেনারেল হাসপাতালের আবাসিক চিকিৎসক রাজিব আহমেদ জানান, আবদুর রহমান ও হাবিবুর রহমান এই দুজনের শরীরেই জখমের চিহ্ন ছিল।[৮০]

৩৩. গত ৩০ জানুয়ারি গভীর রাতে কুমিল্লা আদর্শ সদর উপজেলার পাঁচথুবী ইউনয়নে নিজের বাড়ি থেকে যুবদল নেতা এবং চট্টগ্রামে শিপিং কোম্পানিতে কর্মরত তৌহিদুল ইসলামকে তুলে নিয়ে যায় যৌথ বাহিনীর সদস্যরা। ৩১ জানুয়ারি কুমিল্লা মেডিক্যাল কলেজ হাসপাতালে তৌহিদুল মারা যান। তৌহিদের ভাই সাদেকুর রহমান জানান, তাঁর ভাইকে নির্মম নির্যাতন করে হত্যা করা হয়েছে। তাঁর শরীরের বিভিন্ন জায়গায় নির্যাতনের চিহ্ন ছিল। এই ব্যাপারে অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ সাইফুল মালিক জানান, ৩১ জানুয়ারি সকাল ১১ টায় সেনাবাহিনীর পক্ষ থেকে থানা পুলিশকে তৌহিদুলকে নিয়ে যাওয়ার জন্য বলা হয়। যখন পুলিশের কাছে তৌহিদুলকে হস্তান্তর করা হয় তখন তিনি অজ্ঞান অবস্থায় ছিলেন। পরে হাসপাতালে নেয়ার পর চিকিৎসক তাঁকে মৃত ঘোষনা করেন। [৮১]

---

[৭৭] মানবজমিন ১০ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=151773
[৭৮] প্রথম আলো ১৯ ফেব্রুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/012yu44txl
[৭৯] সমকাল, ২ জানুয়ারি ২০২৫; https://samakal.com/chittagong/article/273269/
[৮০] প্রথম আলো ১৪ জানুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/8azlq9ert7
[৮১] প্রথম আলো ১ ফেব্রুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/5yjjd1kdii



*যুবদল নেতা তৌহিদুল ইসলামের মৃত্যুর প্রতিবাদে কুমিল্লা আদর্শ সদর উপজেলার ইটালা গ্রামে মানববন্ধন করেন গ্রামবাসী। ছবি ঃ প্রথম আলো ১ ফেব্রুয়ারি ২০২৫*

৩৪. গত ১৯ ফেব্রুয়ারি ঢাকার মোহম্মদপুর চাঁদ উদ্যানে যৌথবাহিনীর অভিযানের সময় জুম্মন (২৫) ও মিরাজ হোসেন (২৬) নামে দুই ব্যক্তি গুলিবিদ্ধ হয়ে নিহত হন। যৌথবাহিনীর তরফ থেকে দাবী করা হয়েছে, মোহম্মদপুর চাঁদ উদ্যানে একদল লোক ছিনতাইয়ের প্রস্তুতে নিচ্ছে এমন তথ্যের ভিত্তিতে যৌথবাহিনীর সদস্যরা সেখানে অভিযান চালালে দুই পক্ষের মধ্যে গুলি বিনিময় হয়। এই সময় যৌথবাহিনী অস্ত্রসহ ৫ জনকে আটক করে এবং জুম্মন ও মিরাজ হোসেনের লাশ উদ্ধার করে।[৮২]

৩৫. **২০২৫ সালের জানুয়ারী থেকে মার্চ এই তিন মাসে ০৮ জন বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। এর মধ্যে ০১ জন পুলিশ, ০২ জন ডিবি পুলিশ, ০১ জন বাংলাদেশ বিমান বাহিনী এবং ০৪ জন যৌথ বাহিনী কর্তৃক বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। এই ০৮ জনের মধ্যে ০২ জন নির্যাতনে, ০৩ জন গুলিতে এবং ০৩ জনকে পিটিয়ে হত্যা করা হয়।**

## *আইন প্রয়োগকারী সংস্থার সদস্য কর্তৃক নির্যাতন, মর্যাদাহানিকর আচরণ, হেফাজতে মৃত্যু ও জবাবদিহিতার অভাব*

৩৬. হাসিনা সরকারের পতন ঘটলেও দেশে নাগরিকদের ওপর আইন প্রয়োগকারী সংস্থার সদস্য কর্তৃক নির্যাতন এবং মর্যাদাহানিকর আচরণের ঘটনা ঘটেই চলেছে। এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে নিজ বাহিনীর অভিযুক্ত সদস্যকে রক্ষা করার অভিযোগ রয়েছে। জুলাই-অগাষ্ট গণআন্দোলনের সময় চট্টগ্রামে ছাত্র-জনতার ওপর গুলি বর্ষণের ঘটনায় কোতোয়ালী থানার সাবেক ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা নেজাম উদ্দিনকে মামলা থেকে রেহাই দেয় পাঁচলাইশ থানা পুলিশ। এরপর গত ৬ জানুয়ারি স্বেচ্ছাসেবক দলের নেতা-কর্মীরা নেজাম উদ্দিনকে ধরে পুলিশে হস্তান্তর করলেও পুলিশ তাকে ছেড়ে দেয়।[৮৩]

৩৭. এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে ব্যবসায়ীকে অপহরণ[৮৪], মামলা বাণিজ্য[৮৫], মামলার বাদীকে থানায় মারধর[৮৬], অভিযুক্তের সাথে নামের মিল থাকায় নিরীহ ব্যক্তিকে গ্রেফতার করে

---

[৮২] ২২ ফেব্রুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=149485
[৮৩] আমার দেশ ৮ জানুয়ারি ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl2_row1_date_08-01-2025_edition_1_page2_121351_105462.jpg
[৮৪] প্রথম আলো ৩০ মার্চ ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=303cdca9bc7&eid=1&imageview=0&epedate=30/03/2025&sedId=1
[৮৫] যুগান্তর ৯ মার্চ ২০২৫; https://www.jugantor.com/country-news/926771
[৮৬] যুগান্তর ১৪ মার্চ ২০২৫; https://www.jugantor.com/index.php/country-news/929026

জেল খাটানো[৮৭], আদালতগুলোর গারদখানায় বন্দি আসামীদের স্বজনদের কাছ থেকে ঘুষ গ্রহণ[৮৮], মাদক দিয়ে মিথ্যা মামলায় ফাঁসানো[৮৯]সহ বিভিন্ন অভিযোগ গাওয়া গেছে।

৩৮. গত ১২ জানুয়ারি  ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'জনবান্ধব, দায়বদ্ধ পেশাদার পুলিশি ব্যবস্থা বিনির্মাণ: শিক্ষার্থীদের প্রত্যাশা প্রস্তাব' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে পুলিশি সেবা নিতে গিয়ে ৭৮ শতাংশ শিক্ষার্থী হয় ঘুষ দিয়েছেন, নয়তো হয়রানীর শিকার হয়েছেন বলে একটি জরিপ প্রকাশ করা হয়।[৯০]

৩৯. গত ৩ জানুয়ারি গাজীপুর জেলার কোনাবাড়ি এলাকার ঔষধ ব্যবসায়ী নুরুল ইসলামকে তাঁর দোকান থেকে তুলে নিয়ে যায় কোনাবাড়ী থানার সাব ইন্সপেক্টর হানিফ, আবুল কাশেম ও উৎপল। পরে তাঁকে অস্ত্র ও হত্যা মামলায় জড়িয়ে দেয়া হবে এই হুমকি দিয়ে ৫ লাখ টাকা ঘুষ চায় তারা। কিন্তু নুরুল ইসলামের আত্মীয়-স্বজন ৫ লাখ টাকা দিতে অপরাগতা প্রকাশ করলে পুলিশ সদস্যরা ২ লাখ টাকার বিনিময়ে ছেড়ে দিতে রাজি হয়। এর পরে তাঁরা পুলিশ সদস্যদের ২ লাখ টাকা দিলেও পুলিশ নুরুল ইসলামকে ছেড়ে না দিয়ে মেট্রোপলিটন অধ্যাদেশের আওতায় আদালতে চালান করে। গণমাধ্যমে এই খবর প্রকাশিত হলে গাজীপুর মেট্রোপলিটন পুলিশ কমিশনার তিন সাব ইন্সপেক্টর হানিফ, আবুল কাশেম ও উৎপলকে প্রত্যাহার করে হেডকোয়ার্টারে সংযুক্ত করলেও ওসি নজরুল ইসলামের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া হয়নি।[৯১]

৪০. গত ২৫ জানুয়ারি শরীয়তপুরের জাজিরায় গোয়েন্দা পুলিশ মাদক বিরোধী অভিযান চালানোর সময় মিলন ব্যাপারী নামে এক দিন মজুর মারা যান। পরিবারের অভিযোগ ডিবি পুলিশের নির্যাতনে মিলন ব্যাপারী মারা গেছেন।[৯২]

৪১. গত ১৩ মার্চ চাঁদপুর জেলার ফরিদগঞ্জ থানা হেফাজতে শাওন কাবি রিজা নামে এক ছাত্রদল নেতাকে এসআই খোকনের নেতৃত্বে তিন জন কনস্টেবল চোঁখ বেধে নির্যাতন করে।[৯৩]

## গুম

৪২. পতিত হাসিনার শাসনামলে সারা দেশে বেআইনীভাবে আটক রাখার বন্দিশালা তৈরি করা হয়। এই সব গোপন বন্দিশালায় বিরোধী রাজনৈতিক নেতা-কর্মী, ভিন্নমতাবালম্বী এবং তথাকথিত জঙ্গিদের আটক রাখা হতো। এরমধ্যে সবচেয়ে আলোচিত গোপন বন্দিশালা হলো ডিজিএফআই এর জয়েন্ট ইন্টারগেশন সেন্টার, যা "আয়নাঘর" নামে পরিচিত। গত ১২ ফেব্রুয়ারি প্রধান উপদেষ্টা ঢাকার কচুক্ষেতের ডিজিএফআই এবং উত্তরা ও আগারগাঁওয়ে র‍্যাবের গোপন বন্দিশালা কয়েকজন ভুক্তভোগীকে সঙ্গে নিয়ে পরিদর্শন করেন। এই বন্দিশালাগুলোতে হাসিনা ও আওয়ামী লীগের বিরোধীতাকারীদের জোর করে তুলে নিয়ে যেয়ে খুব ছোট ছোট ঘরে বছরের পর বছর বন্দি করে রেখে নির্যাতন করা হতো।[৯৪] কিন্তু পরিদর্শনের আগেই গোপন বন্দিশালার অনেক আলামত নষ্ট করা হয়। ৫ অগাস্টে হাসিনার পতন হলে ডিজিএফআইয়ের মহাপরিচালক তাঁর পূর্ববর্তীদের অপরাধের প্রমান গোপন করার চেষ্টা করেন এবং

---

[৮৭] প্রথম আলো ২৬ মার্চ ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/447kwu1ad1
[৮৮] যুগান্তর ২ মার্চ ২০২৫; https://www.jugantor.com/law-justice/923368
[৮৯] যুগান্তর ২ মার্চ ২০২৫; https://www.jugantor.com/country-news/901755
[৯০] প্রথম আলো ১২ জানুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/q48bft4tjb
[৯১] যুগান্তর ১৪ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/country-news/903405
[৯২] সমকাল ২৭ জানুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/277490/
[৯৩] মানবজমিন ১৬ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=152586
[৯৪] সমকাল ১৩ ফেব্রুয়ারি ২০২৫; https://samakal.com/bangladesh/article/280529/

অপরাধীদের দায়মুক্তি দেয়ার জন্য ক্ষমতা প্রয়োগ করেছেন বলে গুম সংক্রান্ত তদন্ত কমিশনের অন্তর্বর্তী প্রতিবেদনে[৯৫] জানা গেছে । প্রমান লোপাট এবং সহযোগিতা না করার এই প্রবণতা শুধু ডিজিএফআই নয়, অন্যান্য নিরাপত্তা বাহিনীর সদস্যদের মধ্যেও ছিল।[৯৬] ২০১৫ সালের ২২ সেপ্টেম্বর কক্সবাজার থেকে অন্তঃসত্ত্বা রোজিনা বেগম রেবীকে তুলে এনে আয়নাঘরে আটক রাখা হয়। সাথে তাঁর ১১ বছরের মেয়ে নূরী আলী আফসানাকেও তুলে নেয় র‍্যাব-২। আফসানা পরে ছাড়া পেলেও তাঁর মার কোন সন্ধান পাওয়া যায়নি। চট্টগ্রামের রাঙ্গুনিয়া থেকে ১৭ বছরের এক কিশোরকে এখানে আটকিয়ে রেখে দিনের পর দিন নির্যাতন করা হয়। নির্যাতনের ফলে কিশোরটি মানসিক ভারসাম্য হারিয়ে ফেলে।[৯৭] এছাড়া বগুড়া পুলিশ লাইনেও একটি আয়নাঘরের সন্ধান পাওয়া গেছে। বগুড়ার এই গোপন বন্দিশালায় অনেককে গুম করে রেখে চালানো হয় শারীরিক ও মানসিক নির্যাতন। এঁদের মধ্যে অনেককে হত্যা করে লাশ গুম করা হয়েছে।[৯৮] শেখ হাসিনা সেনাবাহিনীর ও পুলিশের কয়েকজন উর্ধ্বতন কর্মকর্তার সমন্বয়ে বলপূর্বক গুম ও গুপ্তহত্যার একটি চক্র গড়ে তোলে। এই চক্রে ছিলেন শেখ হাসিনার নিরাপত্তা উপদেষ্টা মেজর জেনারেল (অব:) তারেক আহমেদ সিদ্দিকী, সাবেক প্রতিরক্ষা ও নিরাপত্তা উপদেষ্টা লেফটেনেন্ট জেনারেল (অব:) মো: আকবর হোসেন, ডিজিএফআই এর সাবেক মহাপরিচালক, মেজর জেনারেল (অব:) মো: সাইফুল আবেদীন, ডিজিএফআইএর সাবেক মহাপরিচালক, লেফটেনেন্ট জেনারেল (অব:) মো: সাইফুল আলম, ডিজিএফআইএর সাবেক মহাপরিচালক, লেফটেনেন্ট জেনারেল (অব:) আহমেদ তাবরেজ শামস, ডিজিএফআইএর সাবেক মহাপরিচালক, মেজর জেনারেল (অব:) হামিদুল হক, সিটিআইবি এর সাবেক পরিচালক, মেজর জেনারেল (অব:) মোহাম্মদ তৌহিদ-উল-হক, ডিজিএফআই এর সাবেক পরিচালক ও এনটিএমসির সাবেক মহাপরিচালক, মেজর জেনারেল (অব:) জিয়াউল আহসান, র‍্যাবএর সাবেক মহাপরিচালক ও সাবেক আইজিপি ড. বেনজীর আহমেদ, র‍্যাবএর সাবেক মহাপরিচালক ও সাবেক আইজিপি, চৌধুরী আব্দুল্লাহ আল-মামুন, সাবেক অতি: আইজিপি ও সিটিটিসি প্রধান মো: মনিরুজ্জামান, সাবেক ডিআইজি ও সিটিটিসি প্রধান, মো: আসাদুজ্জামান, সাবেক অতি: কমিশনার ও ডিবি প্রধান মো: হারুন-অর-রশিদ। এই চক্রটি শেখ হাসিনার সরাসরি নির্দেশে গুম ও গুপ্তহত্যার কাজে নিয়োজিত ছিল। রাজনৈতিক প্রতিপক্ষ যাঁরা হুমকি স্বরূপ এবং সরকার ও ভারতের স্বার্থের বিপক্ষে যাঁরা সোচ্চার ও প্রতিবাদী হতেন তাঁরাই গুমের শিকার হতেন। গুম সংক্রান্ত তদন্ত কমিশন এই ব্যাপরে প্রমান পেয়েছে।[৯৯] আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস ওয়াচের এক প্রতিবেদন থেকে জানা গেছে গুম হওয়া বিগ্রেডিয়ার জেনারেল (অবসরপ্রাপ্ত) আবদুল্লাহ আমান আজমীকেও হত্যার পরামর্শ দিয়েছিলেন শেখ হাসিনা।[১০০] বিএনপির সাবেক এমপি এম ইলিয়াস আলীকে গুম করার পর হত্যা করে মেজর জেনারেল জিয়াউল আহসানের নেতৃত্বে একটি কিলিং 'স্কোয়াড'। হত্যার পর ইলিয়াস আলীর লাশ যমুনা নদীতে ফেলে দেয় খুনী চক্র। আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনালে ১৬৪ ধারায় দেয়া জবানবন্দিতে এই তথ্য দেন র‍্যাব সদস্য

[95] "Unfolding the Truth", An Interim Report, Commission of Inquiry on Enforced Disappearance, Section 4, Page 32.
[৯৬] নয়াদিগন্ত ২১ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/national/906253
[৯৭] সমকাল ১৩ ফেব্রুয়ারি ২০২৫; https://samakal.com/bangladesh/article/280529/
[৯৮] যুগান্তর ১৩ মার্চ ২০২৫; https://www.jugantor.com/index.php/national/928222
[৯৯] আমার দেশ, ৩১ জানুয়ারি ২০২৫; https://eamardesh.com/2025-01-31
[১০০] মানবজমিন ২৯ জানুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=146254

সার্জেন্ট তাহেরুল ইসলাম।[১০১] গত ৬ জানুয়ারি শেখ হাসিনা ও তার সহযোগীদের বিরুদ্ধে গুমের সঙ্গে জড়িত থাকার অভিযোগে গ্রেপ্তারি পরোয়ানা জারি করে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।[১০২]



*'আয়নাঘর' নামে কুখ্যাতি পাওয়া গোপন বন্দিশালা ঘুরে দেখলেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। ঢাকার আগারগাঁওয়ের একটি নির্যাতন কেন্দ্রে স্পিনিং চেয়ার। ছবি ঃ সমকাল ১৩ ফেব্রুয়ারি ২০২৫*

৪৩. গত ৪ মার্চ এক সংবাদ সম্মেলনে গুম কমিশনের চেয়ারম্যান অবসরপ্রাপ্ত বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী জানান, গুমের শিকার ৩৩০ ব্যক্তির ফিরে আসার সম্ভবনা খুবই ক্ষীণ।[১০৩]

৪৪. **জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত সময়ে কোন গুমের ঘটনা ঘটার অভিযোগ পাওয়া যায়নি।**

## সংবাদ মাধ্যমের স্বাধীনতা

৪৫. অন্তর্বর্তী সরকারের আমলে এই তিন মাসে সাংবাদিকদের বিরুদ্ধে মামলা দায়ের ও নিপীড়নের ঘটনা ঘটেছে। হাসিনা সরকারের সময়ে সাংবাদিকদের ওপর নিপীড়ন চালাতো আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা। কিন্তু এখন সাংবাদিকদের ওপর নিপীড়নের অভিযোগ পাওয়া যাচ্ছে বিএনপি এবং এর অঙ্গ সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধেও।

৪৬. গত ৩ ফেব্রুয়ারি লক্ষ্মীপুর ও শরিয়তপুর জেলায় পেশাগত দায়িত্ব পালনের কারণে ৮ জন সাংবাদিকের ওপর হামলা চালিয়েছে দুর্বৃত্তরা। এরমধ্যে শরিয়তপুরে সমকালের সোহাগ খান সুজনকে ছুড়িকাঘাত করা হলে গুরুতর আহতবস্থায় তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়।[১০৪]

---

[১০১] যুগান্তর ৭ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/bnp/900321

[১০২] প্রথম আলো ৬ জানুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/ed9ubyaemg

[১০৩] মানবজমিন ৫ মার্চ ২০২৫, মানবজমিন ৫ মার্চ ২০২৫; https://m.mzamin.com/news.php?news=151078

[১০৪] সমকাল ৪ ফেব্রুয়ারি ২০২৫; https://samakal.com/bangladesh/article/278920/



*শরীয়তপুর সদর হাসপাতালের সংবাদ প্রকাশের জেরে ক্লিনিক ব্যবসায়ী নুরুজ্জামান শেখ ১০/১২ জনকে নিয়ে ছুরি, হাতুড়ি দিয়ে সমকালের জেলা প্রতিনিধির ওপর হামলা চালান। জেলা প্রশাসক কার্যালয়ের সামনে। ছবি: সমকাল ৪ ফেব্রুয়ারি ২০২৫*

৪৭. গত ২ ফেব্রুয়ারি কুড়িগ্রাম জেলার রাজিবপুরে সংবাদ প্রকাশের কারণে খোলাকাগজ এর রাজিবপুর প্রতিনিধি সুজন মাহমুদের ওপর উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আনোয়ার হোসেন নেভী ও বিএনপির অঙ্গ সংগঠনের অন্যান্য নেতা-কর্মীরা হামলা চালিয়ে তাঁকে গুরুতর আহত করে। সুজন মাহমুদকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।[১০৫]

৪৮. গত ৫ ফেব্রুয়ারি সুপ্রিম কোর্ট প্রাঙ্গনে পেশাগত দায়িত্ব পালনের সময় সাংবাদিকদের ওপর বিএনপির নেতা-কর্মীরা হামলা চালালে তিনজন সাংবাদিক আহত হন। এরমধ্যে এটিএন নিউজের জ্যেষ্ঠ সাংবাদিক জাবেদ আখতার গুরুতর আহত হন।[১০৬]

৪৯. গত ২৭ মার্চ বরিশালে পেশাগত দায়িত্ব পালনকালে বরিশাল জেলা জজ আদালতের সামনে স্থানীয় দৈনিক বরিশাল মেইলএর প্রধান ফটো সাংবাদিক এন আমিন রাসেল ও স্থানীয় দৈনিক মুখপাত্রের স্টাফ রিপোর্টার মনিরুজ্জামানের ওপর হামলা করে বরিশাল জেলা ছাত্রদলের নেতা সোহেল রাঢ়ীর নেতৃত্বে একদল দুর্বৃত্ত। এই সময় সাংবাদিক দুইজনকে মারধর করাসহ ক্যামেরা ও দুটি মোবাইল ফোন ভাঙচুর করা হয় এবং নগদ টাকা ছিনিয়ে নেয়া হয়। এরপর আদালতের প্রধান ফটকের সামনে রাখা সাংবাদিকদের একটি মোটরসাইকেল পুড়িয়ে দেয়া হয়।[১০৭]

৫০. বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশন স্বায়ত্ব শাসিত করার উদ্দেশ্যে 'জাতীয় সম্প্রচার কমিশন' গঠন ও নীতিমালা প্রণয়নের সুপারিশ করা হয়েছিল ১৯৯৭ সালে। এই সুপারিশ বাস্তবায়নের জন্য ২০০০ সালের ১৭ অগাস্ট *অধিকার* সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে একটি রিট পিটিশন দাখিল করে। প্রাথমিক শুনানী শেষে হাইকোর্ট ২০০০ সালের ১৯ নভেম্বর রুল দেন। রুলে সুপারিশসংবলিত কমিশনের প্রতিবেদন বাস্তবায়নের বিষয়টি বিবেচনার জন্য কেন নির্দেশ দেয়া হবে না তা জানতে চাওয়া হয়। ২০২৫ সালের ২৬

[১০৫] যুগান্তর ৪ ফেব্রুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-bangla-face/912490
[১০৬] সমকাল ৬ ফেব্রুয়ারি ২০২৫; https://samakal.com/bangladesh/article/279240/
[১০৭] যুগান্তর ২৮ মার্চ ২০২৫; https://www.jugantor.com/country-news/935124

ফেব্রুয়ারি সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি মোহাম্মদ উল্লাহ ও বিচারপতি ফয়েজ আহমেদের বেঞ্চে এই রুলের ওপর শুনানী শুরু হয়।[১০৮]

৫১. ***অধিকার এর* সংগৃহীত তথ্য অনুযায়ী, জানুয়ারি-মার্চ পর্যন্ত পেশাগত দায়িত্ব পালনের সময় ৪৭ জন আহত, ১০ জন লাঞ্ছিত, ১টি পত্রিকা অফিসে হামলা হয়েছে, ০৫ জন হুমকি এবং ০১ জন সাংবাদিক গ্রেফতার হয়েছেন।**

# তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের অবস্থা

৫২. অন্তর্বর্তীকালীন সরকারের আমলে এই তিন মাসেও তৈরি পোশাক শিল্প শ্রমিকদের অসন্তোষ[১০৯] অব্যাহত ছিল। দেশে রপ্তানি আয়ের প্রধান উৎস তৈরি পোশাক শিল্পকে পরিকল্পিতভাবে অস্থিতিশীল করে তোলা হচ্ছে বলে অভিযোগ রয়েছে। এই অস্থিরতা তৈরীর নেপথ্যে সক্রিয়ভাবে কাজ করছে বেক্সিমকো গ্রুপসহ ক্ষমতাচ্যুত কর্তৃত্ববাদী সরকারের দোসর গার্মেন্টস্ মালিকরা। এই গার্মেন্টস্ মালিকরা অলিগার্ক হিসেবে পরিচিতি পেয়েছে এবং দেশে অবাধে লুটপাট করে দেশের বাইরে বিপুল পরিমান টাকা পাচার করে ব্যাংকসহ দেশের অর্থনীতির মারাত্মক ক্ষতি সাধন করেছে।[১১০] এদের ষড়যন্ত্রমূলক পরিকল্পনাগুলো বাস্তবায়নের জন্য একটি নেটওয়ার্ক তৈরী করা হয়েছে, যারা টাকার বিনিময়ে অবরোধ, মিছিল, জ্বালাও পোড়াওসহ বিভিন্ন নাশকতা কার্যক্রমের সঙ্গে যুক্ত।[১১১] ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সহসভাপতি শ্রমিক নেত্রী জলি তালুকদার জানান, পতিত কর্তৃত্ববাদী হাসিনা সরকারের সঙ্গে যুক্ত মালিকরা পালিয়ে গিয়ে নানামুখী ষড়যন্ত্রে লিপ্ত আছেন।[১১২] এই পরিকল্পিত অসন্তোষের জেরে মধ্য ফেব্রুয়ারি পর্যন্ত ১১৯ টি তৈরি পোশাক কারখানা বন্ধ হয়ে গেছে। এগুলোর মধ্যে আশুলিয়ায় ও গাজীপুরে ৪০টি, নারায়ণগঞ্জে ৩৬টি এবং ঢাকা মহানগরীতে তিনটি কারখানা রয়েছে। এছাড়া একই সময়ে গার্মেন্টস্ শিল্প এলাকায় ১ হাজার ১৪৭টি অপ্রীতিকর ঘটনা ঘটেছে। এগুলোর মধ্যে রয়েছে ৫২টি অগ্নিকাণ্ড, ৭৫টি ভাঙচুর, রাস্তা অবরোধ ২৩৯, লুটতরাজ ৩, কর্মবিরতি ৭৭৮ এবং চুরির ঘটনা ১১টি।[১১৩]

৫৩. এই সময়ে বেতন বৃদ্ধি, বকেয়া বেতন পরিশোধ ও কারখানা খুলে দেয়াসহ বিভিন্ন দাবিতে এবং শ্রমিক ছাঁটাই ও নারী শ্রমিকদের ওপর যৌন হয়রানীর প্রতিবাদে শ্রমিকরা বিক্ষোভ-সমাবেশ ও রাস্তা অবরোধ করেন। বিএনপির অঙ্গ সংগঠন যুবদলের নেতা-কর্মীদের হামলারও শিকার হয়েছেন আন্দোলনরত শ্রমিকরা। ঢাকা ও চট্টগ্রামে বিজিএমইএর[১১৪] সক্রিয় কারখানার সংখ্যা ২ হাজার ১০৭টি। এরমধ্যে গত ২৯ মার্চ পর্যন্ত ২ হাজার ৯৮টি কারখানার মালিক পক্ষ ঈদ বোনাস দিয়েছেন। মার্চের বেতন পরিশোধ করেছে ৯৯ শতাংশ কারখানা। কোনো কারখানায় পুরো মাসের বেতন, কোনো কারখানায় আধা মাসের বেতন

[১০৮] অধিকার এর সংগৃহিত তথ্য

[১০৯] মানবজমিন ৬ জানুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=142849

[১১০] যুগান্তর ১৮ ফেব্রুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/918100

[১১১] যুগান্তর ১৮ ফেব্রুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/918100

[১১২] যুগান্তর ১৮ ফেব্রুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/918100

[১১৩] যুগান্তর ১৮ ফেব্রুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/918100

[১১৪] বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ)

পরিশোধ করা হয়েছে। তবে ৯টি কারখানা শেষ কর্মদিবসে ঈদের বোনাস পরিশোধ করতে পারেনি। এরমধ্যে টিএনজেড গ্রুপের কারখানার শ্রমিকরা বেতন-বোনাস কোনটাই পাননি।[১১৫]

৫৪. গত ১৭ জানুয়ারি গাজীপুরে ডার্ড কম্পোজিট টেক্সটাইল লিমিটেড নামে একটি পোশাক শিল্প কারখানার শ্রমিকরা ৭ মাসের বকেয়া বেতনসহ অন্যান্য পাওনা পরিশোধের দাবিতে বিক্ষোভ করেন। আন্দোলনকারী শ্রমিকরা জানিয়েছেন, ৭ মাস ধরে তাঁদের বকেয়া বেতনসহ প্রভিডেন্ট ফান্ড এবং সার্ভিস বেনিফিটের টাকা পরিশোধ করছে না কারখানা কর্তৃপক্ষ। টাকার অভাবে তাঁরা অনাহারে আছেন। একাধিকবার মালিকপক্ষ টাকা পরিশোধের আশ্বাস দিলেও তা বাস্তবায়ন করেননি।[১১৬] গত ২২ জানুয়ারি গাজীপুর নগরের সারাব এলাকায় বেক্সিমকো ইন্ডাস্ট্রিয়াল পার্কে বন্ধ হওয়া ১৬টি কারখানা চালুর দাবিতে শ্রমিকরা বিক্ষোভ করেন এবং চন্দ্রা-নবীনগর সড়কে অবস্থান করে অর্ধশতাধিক যানবাহন ভাঙচুর ও অগ্নিসংযোগ করেন। ঘটনার তথ্য সংগ্রহ করতে গেলে শ্রমিকদের হামলায় তিন সংবাদ কর্মী আহত হন।[১১৭] গত ১৮ মার্চ নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে প্রতিতা ট্রেড এজেন্সি নামে এক তৈরী পোশাক শিল্প কারখানায় তিন মাসের বকেয়া বেতন চাওয়ায় রুমি আক্তার আশা নামে এক নারী শ্রমিককে চুরির অপবাদ দিয়ে মারধর করা হয়।[১১৮] গত ২৩ মার্চ বকেয়া বেতন-বোনাসের দাবিতে রাজধানীতে শ্রম ভবনের সামনে অবস্থান কর্মসূচী পালনের সময় অসুস্থ হয়ে রামপ্রসাদ সিং নামে এক গার্মেন্টস্ শ্রমিকের মৃত্যু হয়।[১১৯] গত ২৪ মার্চ গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার ভান্নরা এলাকায় একটি সোয়েটার প্রস্তুতকারী কারখানায় আন্দোলনরত শ্রমিকদের ওপর কারখানার মালিকের ইন্ধনে স্থানীয় যুবদল নেতা মনির উজ্জামান ও তার সমর্থকরা হামলা চালালে ১০ জন শ্রমিক আহত হন।[১২০] গত ২৫ মার্চ তিন মাসের বকেয়া বেতন, ঈদের বোনাসহ যাবতীয় বকেয়া পরিশোধের দাবিতে গাজীপুরের টিএনজেড অ্যাপারেলস লিমিটেড, অ্যাপারেলস প্লাস ইকো লিমিটিডেসহ বেশ কয়েকটি তৈরি পোশাক শিল্প শ্রমিকরা মিছিল নিয়ে ঢাকার শ্রম ভবন থেকে সচিবালয়ের দিকে যাওয়ার চেষ্টা করলে পুলিশ তাঁদের বাধা দেয় এবং লাঠিচার্জ ও টিয়ার শেল নিক্ষেপ করে মিছিলটিকে ছত্রভঙ্গ করে দেয়। এই ঘটনায় পুলিশ সদস্যসহ অনেকেই আহত হন।[১২১] গত ২৯ মার্চ গাজীপুরের কোনাবাড়িতে স্ট্যান্ডার্ড স্টিচ ওভেন কারখানা কর্তৃপক্ষ ১০১ জন শ্রমিককে ছাঁটাই করলে এর প্রতিবাদে শ্রমিকরা সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন।[১২২]

---

[১১৫] সমকাল ৩০ মার্চ ২০২৫; https://samakal.com/bangladesh/article/287985/
[১১৬] যুগান্তর ১৮ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/country-news/904895
[১১৭] প্রথম আলো ২২ জানুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/vds1mz33r0
[১১৮] যুগান্তর ২০ মার্চ ২০২৫; https://epaper.jugantor.com/storage/2025-03-20/2/link_img_second_ed_1742436265_4.jpg
[১১৯] মানবজমিন ২৪ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=153807
[১২০] সমকাল ২৪ মার্চ ২০২৫; https://epaper.samakal.com/nogor-edition/2025-03-24/7/7297
[১২১] মানবজমিন ২৬ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=154090
[১২২] সমকাল ৩০ মার্চ ২০২৫; https://samakal.com/bangladesh/article/287985/



*গাজীপুরে বকেয়া বেতনের দাবিতে শ্রমিক বিক্ষোভ। ছবিঃ যুগান্তর ১৮ জানুয়ারি ২০২৫*



*বেতন ভাতার দাবিতে সচিবালয়ের সামনে পোশাক শ্রমিকদের সঙ্গে পুলিশের সংঘর্ষ। ছবিঃ ডেইলী স্টার ২৫ মার্চ ২০২৫*

# ধর্মীয় ব্যাপারে ভিন্নমতাবলম্বীদের কার্যক্রমে বাধা ও হামলা

৫৫. এই সময়ে দেশের বিভিন্ন জায়গায় ধর্মীয় ব্যাপারে ভিন্নমতাবলম্বীদের কার্যক্রমে বাঁধা, হুমকি এবং হামলা ও ভাঙচুর করেছে উগ্রবাদীরা।

৫৬. গত ৮ জানুয়ারি ময়মনসিংহ শহরে একজন পীরের মাজারে বার্ষিক ওরসের অনুষ্ঠান চলাকালে একদল মাদ্রাসা শিক্ষার্থী সেখানে হামলা চালিয়ে মঞ্চ ও চেয়ার ভাঙচুর করে। ফলে অনুষ্ঠান পন্ড হয়ে যায়। এরপর গভীর রাতে আবারো সেখানে হামলা চালিয়ে পীরের মাজারের কিছু অংশ ভেঙ্গে ফেলা হয়।[১২৩] গত ১২ ফেব্রুয়ারি টাঙ্গাইলের মধুপুরে ফকির লালন শাহ ১৩৪ তম তিরোধান বর্ষ উদযাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে মধুপুর লালন সংঘ। কিন্তু স্থানীয় হেফাজতে ইসলামের আপত্তি ও বাধার মুখে অনুষ্ঠানটি পন্ড হয়ে যায়।[১২৪] গত ২১ ফেব্রুয়ারি মানিকগঞ্জের সিংগাইরে প্রয়াত বাউল আবদুর রশিদ বয়াতির বার্ষিক ওরস মহফিলে স্থানীয় বিএনপি নেতা মিঠু লোক জন নিয়ে ওরসে আসা ভক্তদের মারধর

[১২৩] সমকাল ১১ জানুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/274816/

[১২৪] সমকাল ১২ ফেব্রুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/280460/

করে এবং অনুষ্ঠানে বাধা দেয়। ফলে ওরস পন্ড হয়ে যায়।[১২৫] গত ২৪ ফেব্রুয়ারি পীরগাছায় হিযবুত তাওহীদএর বিভাগীয় সভাপতি আব্দুল কুদ্দসের বাড়িতে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সুধিজনদের নিয়ে এক প্রীতিভোজের আয়োজন করা হলে স্থানীয় জামায়াতে ইসলাম এর সভাপতি নুর আলম অনুষ্ঠানটি বন্ধের জন্য নানাভাবে হুমকি দেন। বিষয়টি আব্দুল কুদ্দস স্থানীয় জামায়াতে ইসলামী নেতা ও প্রশাসনকে অবহিত করে। এরপর গত ২৫ ফেব্রুয়ারি রংপুর এ হিযবুত তাওহীদের সংগঠক ও কর্মীদের বাড়িতে জামায়াতে ইসলামীর নেতা-কর্মীরা হামলা, ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগ করে বলে অভিযোগ পাওয়া গেছে।[১২৬]

# মৃত্যুদণ্ডের বিধান ও মানবাধিকার

৫৭. অন্তর্বর্তীকালীন সরকারের আমলেও ফৌজদারী বিচার ব্যবস্থায় মৃত্যুদণ্ড বহাল আছে। এই তিন মাসে নিম্ন আদালত ব্যাপক সংখ্যক অভিযুক্তকে মৃত্যুদণ্ড দিয়েছে। বিকল্প সাজা দেয়ার ব্যবস্থা থাকা সত্ত্বেও নিম্ন আদালতে সর্বোচ্চ শাস্তি দেয়ার প্রবণতা আগের মতোই রয়েছে। আপিল শুনানীর ধীরগতির কারণে মৃত্যুদণ্ডপ্রাপ্ত বন্দিরা বছরের পর বছর কনডেমড্ সেলে মৃত্যুর প্রহর গুণছেন। ২০০৩ সালে খুলনার বটিয়াঘাটা থানার একটি হত্যা মামলায় নিম্ন আদালত ইব্রাহিম আলী নামে এক ভ্যান চালককে মৃত্যুদণ্ড দেয়। ইব্রাহিম আলী জানায়, দরিদ্র হওয়ায় নিজের আইনজীবী রাখতে না পারায় মিথ্যা মামলায় তাঁর মৃত্যুদণ্ড হয়। মৃত্যুদণ্ড পাওয়ার পর থেকে ইব্রাহিম আলী কনডেমড্ সেলে বন্দি ছিলেন। পরে কারাগারের এক কয়েদীর সহয়তায় আপিল করলে ২০১৭ সালে উচ্চ আদালত তাঁকে খালাস দেন। কিন্তু ইব্রাহিমের মুক্তির আদেশ ৭ বছরেও কারাগারে পৌছায়নি। ফলে ইব্রাহিম কারাগার থেকে মুক্তি পাননি। সাত বছর পর ইব্রাহিম টিভিতে হেল্পলাইন সর্ম্পকে জানতে পেরে সেখানে ফোন দেওয়ার পর গত ৮ ফেব্রুয়ারি যশোর কেন্দ্রীয় কারাগার থেকে তিনি মুক্তি পান।[১২৭]

৫৮. **চলতি বছরের জানুয়ারি-মার্চ এই তিন মাসে নিম্ন আদালত কর্তৃক ২৪ জনকে মৃত্যুদণ্ড দেয়া হয়েছে।**

# গণপিটুনীতে মানুষ হত্যা

৫৯. আইন প্রয়োগকারী সংস্থা এবং বিচার ব্যবস্থার প্রতি সাধারণ মানুষের আস্থার সংকট এখনও ব্যাপকভাবে রয়েছে। তাই গণপিটুনী দিয়ে হত্যার ঘটনাগুলো ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। গণপিটুনীর অধিকাংশ ঘটনাই ঘটছে চোর সন্দেহে। এমনকি মানসিক প্রতিবন্ধী ব্যক্তিরাও এই সহিংসতা থেকে রক্ষা পাচ্ছেন না।

৬০. গত ২৫ জানুয়ারি পিরোজপুরের ভান্ডারিয়ায় সেলিম শাহ নামে এক ব্যাক্তিকে চোর সন্দেহে গণপিটুনী দিয়ে হত্যা করা হয়।[১২৮] গত ৭ ফেব্রুয়ারি নোয়াখালি জেলার কবিরহাটে চোর সন্দেহে জহির উদিন বেচু নামে এক মানসিক প্রতিবন্ধী ব্যাক্তিকে গণপিটুনী দিয়ে হত্যা করা হয়। [১২৯] গত ২৮ ফেব্রুয়ারি শরিয়তপুর সদর উপজেলার কীর্তিনাশা নদীতে বালু পরিবহনের নৌযানে ডাকাতি করতে গিয়ে পালানোর সময় স্থানীয় জনতা গণপটুনী দিলে তিন জন নিহত হয়। নিহতদের মধ্যে একজনের পরিচয় পাওয়া গেছে। তার নাম এবাদুল

[১২৫] সমকাল ২২ ফেব্রুয়ারি ২০২৫; https://epaper.samakal.com/nogor-edition/2025-02-22/2/6243
[১২৬] মানবজমিন ২ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=150575
[১২৭] প্রথম আলো ১১ ফেব্রুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/bpb91i22gv
[১২৮] সমকাল ২৬ জানুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/277410/
[১২৯] মানবজমিন ৯ ফেব্রুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=147776

ব্যাপারী।[১৩০] গত ২ মার্চ ভোলার চর ফ্যাসন উপজেলায় শাহজাহান নামে এক ব্যক্তিকে চোর সন্দেহে এলাকার লোকজন তাঁকে তার বাড়ি থেকে ধরে নিয়ে এসে পিটিয়ে হাত-পা ভেঙ্গে দেয় এবং তাঁর দুই চোখ তুলে ফেলে। [১৩১]

৬১. **জানুয়ারি-থেকে মার্চ পর্যন্ত তিন মাসে ৩৩ জন গণপিটুনীতে নিহত হন।**

# নিবর্তনমূলক সাইবার নিরাপত্তা আইন

৬২.কর্তৃত্ববাদী হাসিনা সরকারের পতন হলেও এই সরকারের তৈরী করা সাইবার নিরাপত্তা আইন (২০২৩ ) সহ সব নিবর্তনমূলক আইন বহাল আছে। গত ২১ জানুয়ারি অন্তর্বর্তীকালীন সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুল বলেন, সাইবার নিরাপত্তা আইন বাতিলে আইন মন্ত্রনালয়ের আনুষ্ঠানিকতা শেষ। তথ্যপ্রযুক্তি মন্ত্রনালয়ের কিছু কাজ বাকি আছে, তা শেষ হলেই আইনটি বাতিল করা হবে। সরকার সাইবার নিরাপত্তা আইনের পরিবর্তে সাইবার সুরক্ষা অধ্যাদেশের খসড়া প্রস্তুত করেছে। অথচ সাইবার সুরক্ষা অধ্যাদেশটির অনুমোদিত খসড়াতেও বিতর্কিত সাইবার নিরাপত্তা আইনের প্রতিফলন ঘটেছে । বাক ও মতপ্রকাশ এবং সংগঠনের ও গণমাধ্যমের স্বাধীনতার প্রশ্নে এটি নিয়ন্ত্রণমূলক ও নজরদারির অধ্যাদেশ বলে মনে করা হচ্ছে।[১৩২]

৬৩. ২০২৪ সালের সেপ্টেম্বরে অন্তর্বর্তীকালীন সরকারের আইন মন্ত্রনালয় সাইবার নিরাপত্তা আইনে দায়ের করা মামলাগুলো দ্রুত প্রত্যাহারের সিদ্ধান্তের কথা জানিয়েছিল। এরই পরিপ্রেক্ষিতে গত ১১ ফেব্রুয়ারি আইন উপদেষ্টা জানান, মতপ্রকাশের কারণে করা মামলাগুলো ফেব্রুয়ারির পর প্রত্যাহার করা হবে। অন্তর্বর্তীকালীন সরকার সাইবার নিরাপত্তা আইন বাতিল ও মামলা প্রত্যাহারের প্রতিশ্রুতি দিলেও এখনও এই আইনে মামলা দায়ের অব্যাহত আছে।

৬৪. গত ৩০ মার্চ সংবাদ প্রকাশের জেরে রংপুরের পীরগাছায় দৈনিক সংবাদ এর উপজেলা প্রতিনিধি আব্দুল কুদ্দস সরকার, দৈনিক নতুন সপ্ন এর বার্তা সম্পাদক হারুন অর রশীদ বাবু এবং সাংবাদিক শাহীন মির্জাসহ আরও দুইজনের বিরুদ্ধে কল্যাণী ইউনিয়ন পরিষদের সদস্য নেছার আহম্মেদ সাইবার নিরাপত্তা আইনে মামলা দায়ের করেন।[১৩৩]

৬৫. গত ২৩ ফেব্রুয়ারি কুড়িগ্রাম চিলমারীতে শিল্পী কল্যাণ ট্রাষ্ট্রি বোর্ডের সদস্য নাহিদ হাসানের বিরুদ্ধে ধর্মীয় অনুভূতিতে আঘাত দেয়ার অভিযোগে সাইবার নিরাপত্তা আইনে মামলা দায়ের করা হয়েছে।[১৩৪]

# সভা-সমাবেশের অধিকার

৬৬. অর্ন্তবর্তী সরকারের সময়েও সভা-সমাবেশ করার অধিকার লঙ্ঘিত হয়েছে। এই সময়ে রাজনৈতিক দল ও বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে আন্দোলনকারী বিভিন্ন সংগঠনের শান্তিপূর্ণ সভা-সমাবেশ ও মিছিলে পুলিশ বাধা

---

[১৩০] প্রথম আলো ২ মার্চ ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=2305fabaef&eid=1&imageview=0&epedate=02/03/2025&sedId=1

[১৩১] সমকাল ২ মার্চ ২০২৫; https://samakal.com/whole-country/article/283429/

[১৩২] কালবেলা, ১ জানুয়ারি ২০২৫; https://www.kalbela.com/ajkerpatrika/khobor/152124

[১৩৩] দৈনিক সমকাল ২ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/288236?sfnsn=wa

[১৩৪] প্রথম অঅলো ২৪ ফেব্রুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/1r1vzdkolu

দেয়। এছাড়াও ছাত্র-জনতার ব্যানারে এবং বিএনপির নেতা-কর্মীদের পক্ষ থেকেও প্রতিপক্ষের ওপর হামলার ঘটনা ঘটেছে।

৬৭. গত ২৬ জানুয়ারি ফেনীর ফুলগাজীতে 'আগ্রহী রক্তদাতা স্বেচ্ছাসেবী ' নামে একটি রক্তদাতা সংগঠনের প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানে স্থানীয় বিএনপি নেতাদের দাওয়াত না দেওয়ায় আনন্দপুর ইউনিয়ন বিএনপির সভাপতি জিয়া হায়দার নাসিরের নেতৃত্বে একদল দুর্বৃত্ত অনুষ্ঠানের জায়গায় হামলা করে এবং ভাঙচুর চালায়।[১৩৫]

৬৮. গত ১৬ জানুয়ারি ক্ষুদ্রজাতি গোষ্ঠির শিক্ষার্থীদের একটি বিক্ষোভ মিছিল স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের অভিমুখে যাত্রা করলে শিক্ষা ভবনের সামনে পুলিশ ব্যারিকেড দিয়ে বাধা দেয়। কিন্তু শিক্ষার্থীরা ব্যারিকেড ভেঙ্গে এগিয়ে যেতে চাইলে পুলিশ জলকামান থেকে পানি, সাউন্ড গ্রেনেড ও টিয়ার গ্যাস নিক্ষেপ করে এবং লাঠিচার্জ করে মিছিলটিকে ছত্রভঙ্গ করে দেয়।[১৩৬]




*'সংক্ষুব্ধ ছাত্র-জনতার' ব্যানারে একদল বিক্ষোভকারী সচিবালয়ের দিকে যাওয়ার চেষ্টা করলে তাঁদের ছত্রভঙ্গ করে দেয় পুলিশ। ছবি: প্রথম আলো ১৬ জানুয়ারী ২০২৫*

৬৯. গত ২৬ জানুয়ারি মাদ্রাসা জাতীয়করণসহ ছয় দফা দাবিতে ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষকরা মিছিল নিয়ে প্রধান উপদেষ্টার কার্যালয় অভিমুখে পদযাত্রা করলে শাহবাগে পুলিশ তাঁদের বাধা দেয়। কিন্তু শিক্ষকরা পুলিশি ব্যারিকেড ভেঙ্গে এগিয়ে যাওয়ার চেষ্টা করলে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ বাঁধে। এই সময় পুলিশ জলকামান থেকে পানি ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ এবং লাঠিচার্জ করে শিক্ষকদের ছত্রভঙ্গ করে দেয়। পুলিশের হামলায় ৩০-৪০ জন আহত হন। [১৩৭]

---

[১৩৫] মানবজমিন ২৮ জানুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=146039
[১৩৬] মানবজমিন ১৭ জানুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=144474
[১৩৭] মানবজমিন ২৭ জানুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=145940



*ইবতেদায়ি শিক্ষকদের লাঠিপেটা ও জলকামান নিক্ষেপ করছে পুলিশ। ছবিঃ বাংলা ট্রিবিউন ২৬ জানুয়ারী ২০২৫*

৭০. গত ২ ফেব্রুয়ারি গোপালগঞ্জে আওয়ামী লীগের নেতা-কর্মীদের লিফলেট বিতরনে পুলিশ বাধা দিলে পুলিশের ওপর হামলা ও গাড়ী ভাঙচুর করা হয়। এই ঘটনায় পাঁচ পুলিশ সদস্যসহ আট জন আহত হন।[১৩৮]

৭১. গত ২০ মার্চ রাজশাহীর বাঘা উপজেলায় চাঁদাবাজির বিরুদ্ধে জামায়াতে ইসলামীর মানববন্ধন কর্মসূচীতে বিএনপির নেতা-কর্মীরা হামলা চালালে ৪ জন কর্মী আহত হন।[১৩৯]

৭২. গত ২৪ মার্চ নোয়াখালী দ্বীপ উপজেলায় হাতিয়ায় নতুন গঠিত জাতীয় নাগরিক পার্টির যুগ্ম মুখ্য সমন্বয়ক আব্দুল হান্নান মাসুদ একটি পথসভা শেষ করে মিছিল বের করলে বিএনপি'র নেতা-কর্মীরা একটি পাল্টা মিছিল থেকে তাঁদের ওপর হামলা চালায়। এই ঘটনায় আব্দুল হান্নান মাসুদসহ বেশ কয়েকজন আহত হন।[১৪০]



*হামলায় আহত এনসিপি নেতা আবদুল হান্নান মাসউদ। ছবি: প্রথম আলো ২৫ মার্চ ২০২৫*

---

[১৩৮] যুগান্তর ৩ ফেব্রুয়ারি ২০২৫; https://epaper.jugantor.com/storage/2025-02-03/2/link_img_second_ed_1738547666_8.jpg

[১৩৯] প্রথম আলো ২১ মার্চ ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/58ge75gags

[১৪০] মানবজমিন ২৬ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=154085

# কারাগার ও মানবাধিকার

৭৩. কর্তৃত্ববাদী হাসিনা সরকারের পতন হলেও কারাগারগুলোতে দুর্নীতি এবং অব্যবস্থাপনার কোন পরিবর্তন হয়নি। এই সময় কারাগারে বন্দিদের ওপর নির্যাতন চালানো হয়েছে। গত ২ জানুয়ারি মানিকগঞ্জ জেলা কারাগারের ক্যান্টিনে দায়িত্বে থাকা তিন কারারক্ষী রফিকুল ইসলাম, কহিনুর ও জাহিদ হোসেন ফলের দাম নিয়ে তর্ক করায় রাজু মন্ডল নামে এক হাজতিকে নির্যাতন করে। আহতবস্থায় রাজু মন্ডলকে মানিকগঞ্জ সরকারি হাসপাতালে ভর্তি করা হয়।[১৪১] গত ৩ মার্চ কক্সবাজার কারাগারে 'ছোলা চুরি'র অভিযোগে হাজতি সুদে আলম, প্রকাশ লাল, আনোয়ার, মোহাম্মদ আলম, সৈয়দ আলম, নুরুল আমিন ও লতিফকে জেলার আবু মুছারের নেতৃত্বে নির্যাতন করা হয়।[১৪২]

৭৪. এই তিন মাসে কারাগারে বন্দিদের মৃত্যু হয়েছে। ২০২২ সালের ৩০ মে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে মানিকগঞ্জ জেলা বিএনপির সভাপতি আফেরোজা খান রিতার গ্রামের বাড়িতে আয়োজিত দোয়া মহফিলে হামলা চালায় তৎকালীন ক্ষমতাসীন আওয়ামী লীগের নেতা-কর্মীরা। ৫ অগাস্ট হাসিনার পতনের পর গত ২৯ অক্টোবর এই ঘটনায় হরিরামপুর থানায় একটি মামলা দায়ের করা হলে ঐ দিন রাতেই কাঠমিস্ত্রি নিত্য সরকারকে তাঁর বাড়ি থেকে আটক করে তাঁকে মারধর করে পুলিশের হাতে সোপর্দ করা হয়। এরপর নিত্য সরকারকে মনিকগঞ্জ জেলা কারাগারে আটক রাখা হয় এবং গত তিন জানুয়ারী তিনি ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে মারা যান।[১৪৩] ৯ ফেব্রুয়ারি খুলনা জেলা কারাগারে বন্দি আওয়ামী লীগ নেতা আক্তার শিকদার অসুস্থ হয়ে মারা যান।[১৪৪]

৭৫. **জানুয়ারি থেকে মার্চ এই তিন মাসে ১৯ ব্যক্তি অসুস্থতা জনিত কারণে কারাগারে মৃত্যুবরণ করেছেন বলে জানা গেছে।**

## ভারত সরকারের আগ্রাসী নীতি এবং বাংলাদেশ-ভারত সীমান্তে মানবাধিকার লঙ্ঘন

৭৬. ছাত্র-জনতার গণঅভ্যূত্থানের মধ্যে দিয়ে ভারতীয় শাসকগোষ্ঠীর মদদপুষ্ট কর্তৃত্ববাদী হাসিনা সরকারের পতন হওয়ার পর থেকেই ভারতীয় শাসকগোষ্ঠি বিভিন্নভাবে এই অভ্যূত্থানকে প্রশ্নবিদ্ধ করে অভ্যূত্থানের মধ্যে দিয়ে গঠিত অন্তর্বর্তীকালীন সরকারের বিরুদ্ধে নানা ধরনের তৎপরতা চালিয়ে যাচ্ছে এবং বাংলাদেশের অভ্যন্তরিন বিষয় নিয়ে উদ্দেশ্যমূলক বক্তব্য দিচ্ছে। গত ৭ মার্চ ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল সাপ্তাহিক ব্রিফিংয়ে ছাত্র-জনতার অভ্যুত্থানে গঠিত বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের সমালোচনা করেন। প্রথমত জয়সওয়াল বাংলাদেশে হিন্দুসহ ধর্মীয় সংখ্যালঘুদের ওপর নির্যাতনের ঘটনায় ভারত চিন্তিত বলে জানান।[১৪৫]

৭৭. ভারতীয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্রের বক্তব্যের সঙ্গে ভারতীয় কিছু সংবাদ মাধ্যমের অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে হিন্দু সংখ্যালঘুদের ওপর কথিত হামলাসহ অন্যান্য মিথ্যা ও মনগড়া সংবাদ পরিবেশন

---

[১৪১] যুগান্তর ২ ফেব্রুয়ারি ২০২৫; https://www.jugantor.com/country-news/911450
[১৪২] যুগান্তর ১৪ মার্চ ২০২৫; https://www.jugantor.com/tp-city/928666
[১৪৩] সমকাল ৫ জানুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/273715/
[১৪৪] প্রথম আলো ৯ ফেব্রুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/xqzjjs01bc
[১৪৫] কালের কণ্ঠ, ৮ মার্চ ২০২৫; https://www.kalerkantho.com/online/national/2025/03/08/1489541

করার মধ্যে মিল পাওয়া যায়।[১৪৬] অথচ এই সমস্ত বিষয়গুলোর অধিকাংশই ফ্যাক্ট চেকিংএর মাধ্যমে মিথ্যা বলে প্রমাণিত হয়েছে। ফেসবুকে বাংলাদেশের একাধিক হিন্দু নারী ও শিশুকে মুসলমানরা ধর্ষণের পর হত্যা করেছে দাবী করে একটি ভিডিও ইন্টারনেটে প্রচার করা হয়। বাংলাদেশের তথ্য যাচাইকারী প্রতিষ্ঠান রিউমর স্ক্যানার তথ্য যাচাই করে দেখতে পান ভিডিওটি বাংলাদেশের নয়[১৪৭], এটি ভারতের একটি ধর্মীয় উৎসবে পদদলিত হয়ে নিহত হওয়ার একটি ঘটনা, যা বাংলাদেশের বিরুদ্ধে অপপ্রচারের জন্য ব্যবহার করা হয়েছে।[১৪৮] বিবিসি এবং আলজাজিরাও এই ধরণের মিথ্যা প্রচারণার প্রমান পেয়েছে।[১৪৯]

৭৮. দ্বিতীয়ত জয়সওয়াল বাংলাদেশের আইন শৃংখলা পরিস্থিতি 'ক্রমশ অবনতি'তে ভারত উদ্বিগ্ন বলে জানিয়েছেন। বাংলাদেশে সাজাপ্রাপ্ত উগ্রপন্থিদের জেল থেকে ছেড়ে দেয়া হচ্ছে বলেও অভিযোগ করেন জয়সওয়াল।[১৫০] অথচ বাংলাদেশের গণঅভ্যুত্থানকে ব্যর্থ করে দেয়ার জন্য ভারতীয় শাসকগোষ্ঠি সাবেক কর্তৃত্ববাদী প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারতে আশ্রয় দিয়েছে এবং দুই দেশের মধ্যে বন্দি বিনিময় চুক্তি ভঙ্গ করে গণহত্যার বিচারের জন্য তাকে বাংলাদেশে ফেরত না পাঠিয়ে বিশেষ মর্যাদায় সেইদেশে রেখে বাংলাদেশের বিরুদ্ধে চক্রান্ত করার সুযোগ করে দিয়েছে। গণহত্যা ও মানবতা বিরোধী অপরাধে অভিযুক্ত হওয়া সত্ত্বেও ভারত শেখ হাসিনাকে বাংলাদেশে বিচারের জন্য ফেরৎ না পাঠিয়ে বরং তাকে ভ্রমনের নথি প্রদান করেছে, যাতে সে অন্য দেশ গমন করতে পারে।[১৫১] ভারতে বসেই শেখ হাসিনা দলীয় নেতা-কর্মীদের সঙ্গে টেলিফোনে কথা বলে তা রেকর্ড করে প্রচার করছে এবং দলীয় কোনো ভার্চুয়াল সমাবেশে যোগ দিয়ে নানা ধরনের উস্কানীমূলক, মিথ্যা ও ভীত্তিহীন বক্তব্য দিয়ে বাংলাদেশে একটি অস্থিতিশীল পরিস্থিতি এবং আইন শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটানোর অপচেষ্টা চালাচ্ছে।[১৫২] এছাড়াও আওয়ামী লীগের পলাতক নেতারা ভারতের পশ্চিমবঙ্গসহ বিভিন্ন শহরে নিরাপদে আশ্রয়ে থেকে বাংলাদেশকে ঘিরে বিভিন্ন ধরনের ষড়যন্ত্রে লিপ্ত থেকে আইন শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটানোর চেষ্টা করছে।[১৫৩] জয়সয়ালের বক্তব্য এবং পতিত হাসিনার কর্মকান্ডের মধ্যেও মিল পাওয়া যায়।[১৫৪]

৭৯. তৃতীয়ত জয়সওয়াল জানান, বাংলাদেশের পরবর্তী নির্বাচন 'অন্তর্ভুক্তিমূলক' ও সবার অংশগ্রহণের ভিত্তিতে হওয়া দরকার বলে ভারত মনে করে।[১৫৫] অথচ ভারতীয় শাসকগোষ্ঠী বাংলাদেশের ওপর প্রভাব বিস্তার করতে ২০১৪[১৫৬], ২০১৮[১৫৭], ও ২০২৪[১৫৮] সালের অস্বচ্ছ, বিতর্কিত ও একতরফা জাতীয় সংসদ নির্বাচনে

---

[১৪৬] কালের কণ্ঠ, ৮ মার্চ ২০২৫; https://www.kalerkantho.com/online/national/2025/03/08/1489541
[১৪৭] রিওমার স্কেনার বাংলাদেশ, ১৯ এপ্রিল ২০২৫; https://rumorscanner.com/fact-check/muslim-girl-killed-hindu-girls-rape-and-murder-in-bangladesh/146441
[১৪৮] প্রথম আলো ১৪ জানুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/ps9txo9y9e
[১৪৯] আলজাজিরা, ৯ আগস্ট ২০২৪; https://www.aljazeera.com/amp/program/newsfeed/2024/8/, বিবিসি, ১৮ আগস্ট ২০২৪; https://www.bbc.com/news/articles/cx2n8pzk7gzo.amp
[১৫০] কালের কণ্ঠ, ৮ মার্চ ২০২৫; https://www.kalerkantho.com/online/national/2025/03/08/1489541
[১৫১] নিউ এইজ ১৫ অক্টোবর ২০২৪; https://www.newagebd.net/post/politics/247780/
[১৫২] ডেইলী স্টার ৭ ফেব্রুয়ারী ২০২৫; https://www.thedailystar.net/news/bangladesh/news/stop-hasina-making-false-remarks-3817666
[১৫৩] যুগান্তর ৭ মার্চ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/925498
[১৫৪] ডেইলী স্টার ৭ ফেব্রুয়ারী ২০২৫; https://www.thedailystar.net/news/bangladesh/news/stop-hasina-making-false-remarks-3817666
[১৫৫] ডেইলী স্টার, ৮ মার্চ ২০২৫; https://www.thedailystar.net/news/bangladesh/diplomacy/news/india-wants-inclusive-polls-bangladesh-3841856
[১৫৬] ২০১৪ সালের ৫ জানুয়ারির বিতর্কিত ও প্রতারনামূলক নির্বাচনের আগে বাংলাদেশের প্রায় সবকটি রাজনৈতিক দল নির্বাচনটি বয়কটের সিদ্ধান্ত নেয়। তখন তৎকালীন ভারত সরকারের পররাষ্ট্র সচিব সুজাতা সিং বাংলাদেশে আসেন এবং সেই সময় নির্বাচন বর্জনের সিদ্ধান্ত গ্রহণকারী জাতীয় পার্টিকে নির্বাচনে আনার জন্য চেষ্টা করে সফল হন। জাতীয় পার্টির সদস্যরা তখন কর্তৃত্বাদী হাসিনা সরকারের মন্ত্রী হন এবং একই সঙ্গে জাতীয় সংসদে বিরোধী দলেও থাকেন। www.dw.com/bn/wbe©vPb-bv-n‡j-‡gŠjev‡`i-DÌvb-n‡e/a-17271479,

পতিত হাসিনা সরকারকে ক্ষমতায় রাখতে ব্যাপকভাবে সমর্থন দেয়। ফলে বাংলাদেশের নির্বাচনী ব্যবস্থা ভেঙে পড়াসহ দেশে যে কর্তৃত্ববাদী শাসন ব্যবস্থা প্রতিষ্ঠিত হয় এবং ব্যাপক মানবাধিকার লঙ্ঘিত হয় তার জন্য ভারতীয় শাসকগোষ্ঠীও অনেকাংশে দায়ী।[১৫৯]

৮০.অতীতে নিজস্ব সীমানা, ভূখণ্ডের অখণ্ডতা, সার্বভৌমত্ব ও নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে কর্তৃত্ববাদী হাসিনা সরকারের পররাষ্ট্রনীতি ভারতীয় শাসকগোষ্ঠীর প্রতি নতজানু হওয়ার কারণে বাংলাদেশ সেই সময় তাদের অন্যায় আচরণ বা বক্তব্যের প্রতিবাদ জানায়নি। কিন্তু অন্তর্বর্তীকালীন সরকারের পররাষ্ট্র মন্ত্রনালয় জয়সওয়ালের এই মন্তব্য বাংলাদেশের অভ্যন্তরীণ ইস্যুতে হস্তক্ষেপের শামিল বলে প্রতিবাদ করেছে।[১৬০] উল্লেখ্য ভারতীয় শাসকগোষ্ঠি তাদের নিজেদের স্বার্থে বাংলাদেশের কতৃর্ত্ববাদী হাসিনা সরকারকে নিঃশর্তভাবে সমর্থন জানিয়ে সেই আমলে তাদের ফায়দা হাসিল করে নিয়েছে।[১৬১]

৮১.ভারতের শাসকগোষ্ঠির স্বার্থে শেখ হাসিনা বিগত সাড়ে ১৫ বছরে ভারতের সঙ্গে ২০টি চুক্তি ও ৬৬ টি সমঝোতা স্মারক সই করে। এরমধ্যে রয়েছে সীমান্তে অবৈধ কাঁটাতারের বেড়া নির্মাণের গোপন চুক্তি, চট্টগ্রাম ও মোংলা বন্দর ব্যবহারের অনুমতি, ট্রানজিট দেওয়া, রেলচুক্তির নামে কড়িডোরসহ বিভিন্ন দেশ বিরোধী চুক্তি । এছাড়া বিগত সরকারের সময়ে বাংলাদেশ ভারতের জন্য চতুর্থ বৃহত্তম রেমিট্যান্স উৎসে পরিণত হয়। তখন আনুমানিক ১০ লাখের বেশী ভারতীয় নাগরিক অবৈধভাবে বাংলাদেশে কাজ করে বিপুল পরিমান বৈদেশিক মুদ্রা বাংলাদেশ থেকে ভারতে পাচার করেছে।[১৬২]

৮২. ক্ষমতায় আসার পর থেকে শেখ হাসিনা তথ্য-প্রযুক্তি খাতকে তার পরিবারের সঙ্গে ঘনিষ্ঠ ব্যবসায়ী, রাজনীতিক ও ভারতীয় প্রতিষ্ঠানের হাতে তুলে দেয়। ইন্টারনেট ও সামাজিক যোগাযোগের সব তথ্য ব্যান্ডউইথ সরবরাহকারী ভারতীয় প্রতিষ্ঠানের সার্ভারে জমা হয়। তথ্যপ্রযুক্তি ব্যবহারকারী ব্যক্তি ও প্রতিষ্ঠান এমনকি জাতীয় নিরাপত্তার সঙ্গে যুক্ত প্রতিষ্ঠানের সব ডাটা তখন জমা হয়েছে ভারতীয় সার্ভারে। এর ফলে জাতীয় নিরাপত্তা হুমকির মধ্যে রয়েছে।[১৬৩]

৮৩. বহুদিন ধরেই ভারত বাংলাদেশকে শুষ্ক মৌসুমে পানির ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করছে। দুই দেশের অভিন্ন ৫৪ নদীর মধ্যে কমপক্ষে ৫১ টি নদী থেকে অবৈধভাবে পানি প্রত্যাহার করে নিচ্ছে ভারত।[১৬৪] এতে শুকনো মৌসুম শুরুর আগেই নদীতে পানি প্রবাহ আশঙ্কাজনকভাবে কমে যাচ্ছে। ফলে আসন্ন সেচ মৌসুমে বাংলাদেশের কৃষি উৎপাদন ব্যহত হওয়ার পাশাপাশি পরিবেশের ওপর মারাত্মক বিপর্যয় নেমে আসতে পারে। কোনো কোনো খরস্রোতা নদী শুকিয়ে এখন সরু নালায় পরিনত হয়েছে।[১৬৫]

৮৪. এদিকে চলতি সেচ মৌসুমে ভারত অভিন্ন নদীর পানি প্রবাহকে বাংলাদেশের বিরুদ্ধে রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার করবে এমন আশঙ্কাও রয়েছে বিশেষজ্ঞ ও গবেষনা প্রতিষ্ঠানগুলোর।[১৬৬] পানির ন্যায্য হিস্সা আদায়ে ভারতকে রাজনৈতিক ও সামাজিকভাবে চাপ দেয়ার পাশাপাশি আন্তর্জাতিক ফোরামে

---

[১৫৭] আনন্দবাজার, ২৬ মে ২০১৮; https://www.anandabazar.com/national/sheikh-hasina-said-various-pending-issues-between-india-and-bangladesh-1.805857
[১৫৮] প্রথম আলো, ১৬ মার্চ ২০২৪; https://www.prothomalo.com/politics/1w0z1a73m5
[১৫৯] মানবজমিন, ১৮ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=110355
[১৬০] সমকাল ১৩ মার্চ ২০২৫; https://samakal.com/bangladesh/article/285322/
[১৬১] আমার দেশ ১০ জানুয়ারি ২০২৫; https://eamardesh.com/2025-01-10
[১৬২] আমাদের সময়, ৩ জুলাই ২০১৮; https://www.amadershomoy.com/bn/2018/07/03/594047.htm#gsc.tab=0
[১৬৩] আমার দেশ ১০ ফেব্রুয়ারি ২০২৫; https://eamardesh.com/2025-02-10
[১৬৪] আমার দেশ ২৪ জানুয়ারি ২০২৫; https://eamardesh.com/2025-01-24
[১৬৫] আমার দেশ ২৪ জানুয়ারি ২০২৫; https://eamardesh.com/2025-01-24
[১৬৬] আমার দেশ ২৪ জানুয়ারি ২০২৫; https://eamardesh.com/2025-01-24

অভিযোগ দায়েরের কথা বলছেন বিশেষজ্ঞরা।[১৬৭] গঙ্গা পানি চুক্তির মেয়াদ আরও এক বছর অবশিষ্ট থাকলেও এখন থেকেই ভারত চুক্তি অনুযায়ী বাংলাদেশকে পানি দিচ্ছে না।[১৬৮]

৮৫. পানির অধিকার আদায়ের জন্য তিস্তা চুক্তি হওয়া বাংলাদেশের জন্য অত্যন্ত জরুরী হলেও ভারত সরকার বাংলাদেশ সরকারের সঙ্গে তিস্তা চুক্তি সম্পাদন করেনি। উপরন্ত তিস্তার উজানে ভারত অবৈধভাবে বাঁধ নিমার্ণ করে নামমাত্র পানি প্রবাহ রেখে পুরোটাই প্রত্যাহার করে নিচ্ছে।[১৬৯] সিলেট অঞ্চলে কুশিয়ারা নদী থেকে পানি উত্তোলনে ২০২২ সাল থেকে বাধা দিয়ে আসছে ভারত।[১৭০] ফেনী ও তিতাস নদীসহ সীমান্তবর্তী ৭টি নদীতে মারাত্মক ধরনের ক্ষতিকর বজ্য ফেলছে ভারত।[১৭১]

৮৬. ফারাক্কা বাঁধের কারণে পদ্মা অববাহিকাতে চরম বিপর্যয়কর অবস্থা বিরাজ করছে। বর্ষা মৌসুমে ফারাক্কা ও গজলডোবা বাঁধের স্লুইস গেইটগুলো খুলে দিয়ে ভারত সরকার কৃত্রিমভাবে বাংলাদেশে বন্যার সৃষ্টি করে আন্তর্জাতিক আইন লঙ্ঘন করে চলেছে যার কোন প্রতিকার হয়নি।[১৭২]

৮৭. ভারতের রাজনৈতিক এবং অর্থনৈতিক আগ্রাসনের পাশাপাশি তাদের সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ এর হত্যা, নির্যাতন ও নিপীড়ন সমস্ত সীমা অতিক্রম করেছে। প্রতি বছরই ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী এলাকায় বাংলাদেশী নাগরিকরা বিএসএফ এর গুলিতে বা নির্যাতনে মৃত্যুবরণ করছেন অথবা আহত হচ্ছেন।

৮৮. ঝিনাইদহ জেলার মহশেপুর উপজেলার সীমান্তবর্তী কোদলা নদীর ৫ কিলোমিটার এলাকা বিএসএফ দখল করে আধিপত্য বিস্তার করে রেখেছিল। ৫ অগাস্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শেখ হাসিনা দেশ থেকে ভারতে পালিয়ে যাওয়ার পর বিএসএফর যে কোন ধরনের তৎপরতার বিরুদ্ধে বিজিবি সীমান্তে শক্ত অবস্থান নেয় এবং বিএসএফের দখলকৃত কোদলা নদীর ৫ কিলোমিটার পুনঃরুদ্ধার করে ।[১৭৩] এছাড়া ভারতীয় শাসক গোষ্ঠী কাঁটাতারের বেড়া ও স্থাপনা নির্মাণকে কেন্দ্র করে বিভিন্ন সীমান্তে উত্তেজনা তৈরী করেছে।[১৭৪] এই পরিস্থিতিতে বিজিবির সঙ্গে মিলে স্থানীয় জনগন গণপ্রতিরোধ গড়ে তুলেছে।[১৭৫]

৮৯. এই প্রতিবেদনকালীন সময়ে বিএসএফ সদস্যরা বাংলাদেশীদের হত্যা[১৭৬] ও নির্যাতন করেছে।[১৭৭] এমনকি বিএসএফ বাংলাদেশের অভ্যন্তরে ঢুকে কৃষিকাজ করার সময় কৃষকদের ওপর হামলা করে তাঁদের পিটিয়ে আহত করেছে।[১৭৮] গত ৭ জানুয়ারি হবিগঞ্জ জেলার চুনারুঘাট সীমান্তে জহুর আলী নামে এক বাংলাদেশী নাগরিককে বিএসএফ ও ভারতীয় লোকজন হত্যা করে লাশ নিয়ে গেছে।[১৭৯] গত ৮ জানুয়ারি সুনামগঞ্জ বিশ্বম্ভর উপজেলার মাছিমপুর সীমান্তে সাইদুল ইসলাম নামে এক বাংলাদেশী যুবককে গুলি করে[১৮০], গত ৭

---

[১৬৭] আমার দেশ ২৪ জানুয়ারি ২০২৫; https://eamardesh.com/2025-01-24
[১৬৮] আমার দেশ ২৪ জানুয়ারি ২০২৫; https://eamardesh.com/2025-01-24
[১৬৯] আমার দেশ ২৪ জানুয়ারি ২০২৫; https://eamardesh.com/2025-01-24
[১৭০] আমার দেশ ২৪ জানুয়ারি ২০২৫; https://eamardesh.com/2025-01-24
[১৭১] আমার দেশ ২৪ জানুয়ারি ২০২৫; https://eamardesh.com/2025-01-24
[১৭২] আমার দেশ ২৪ জানুয়ারি ২০২৫; https://eamardesh.com/2025-01-24
[১৭৩] বাংলা ট্রিবিউন, ৬ জানুয়ারি ২০২৫; https://www.banglatribune.com/country/880469/
[১৭৪] যুগান্তর ১৪ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/country-news/903139
[১৭৫] সমকাল ১০ জানুয়ারি ২০২৫; https://samakal.com/bangladesh/article/274597/
[১৭৬] ডেইলী স্টার, ৮ জানুয়ারি ২০২৫; https://www.thedailystar.net/news/bangladesh/crime-justice/news/youth-shot-dead-bsf-sunamganj-border-3795241
[১৭৭] ডেইলী অভজারভার ১৪ ফেব্রুয়ারি ২০২৫; https://www.observerbd.com/news/512186
[১৭৮] মানবজমিন ১৬ ফেব্রুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=148640
[১৭৯] প্রথম আলো, ৭ জানুয়ারি ২০২৫; https://en.prothomalo.com/bangladesh/6hmqk831xn
[১৮০] যুগান্তর ১০ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-news/901478

ফেব্রুয়ারি চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ সীমান্তে কৃষি জমিতে সেচ দিতে গিয়ে রফিকুল ইসলাম নামে এক বাংলাদেশী কৃষককে নির্যাতন করে [১৮১], গত ৭ মার্চ পঞ্চগড় জেলার ভিতরগড় সীমান্তে মোহাম্মদ আল আমিন নামে এক বাংলাদেশী নাগরিককে গুলি করে[১৮২] এবং গত ২৮ ফেব্রুয়ারি ব্রাক্ষনবাড়িয়া জেলার কসবা সীমান্তে আল আমিন নামে এক বাংলাদেশী নাগরিককে গুলি করে[১৮৩] বিএসএফ সদস্যরা হত্যা করে। গত ১৬ মার্চ ঝিনাইদহ জেলার মহেশপুর সীমান্তে ফারুক হোসেন নামে এক বাংলাদেশী নাগরিককে অমানবিক নির্যাতন করে বিএসএফ সদস্যরা। পরবর্তীতে ফারুককে মৃত ভেবে তাঁর গলায় দড়ি বেধে টেনে এনে বাংলাদেশ সীমান্তের কাছে ফেলে যায়।[১৮৪]

৯০.গত ১৮ ফেব্রুয়ারি দিল্লীতে বাংলাদেশ সীমান্ত রক্ষী বাহিনী (বিজিবি) ও ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) মহাপরিচালক পর্যায়ের দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বিজিবির পক্ষ থেকে বলা হয়, সীমান্তে অপরাধীদের ধরা হোক। প্রচলিত আইনে শাস্তি দেওয়া হোক; কিন্তু সীমান্ত লঙ্ঘন করেছে বলেই কাউকে গুলি করে মেরে ফেলা মোটেই মানবিক নয়। বাংলাদেশের কাছে বিষয়টি খুবই স্পর্শকাতর। এই বক্তব্যের জবাবে ভারতীয় পক্ষ থেকে বলা হয়েছে 'বিএসএফ সব সময় সেই চেষ্টা করে । কিন্তু কখনো কখনো সংগঠিত অপরাধী চক্র এমন আক্রমণাত্মক হয়ে উঠে যে গুলি চালানো ছাড়া উপায় থাকে না।[১৮৫] অথচ অতীতে যে সমস্ত বাংলাদেশী শিশু কিশোরদের বিএসএফ গুলি করে হত্যা করেছিল তাঁদের পক্ষে বিএসএফের ওপর আক্রমণাত্মক হওয়ার কোন সুযোগ ছিল না। বিএএসএফ বরাবরাই মিথ্যা প্রতিশ্রুতি দিয়েছে এবং তাদের "সুট টু কিল পলিসি" বজায় রেখে সীমান্তে 'অপরাধমূলক কর্মকাণ্ডের' অজুহাতে বাংলাদেশী নাগরিকদের হত্যা করাকে বৈধতা দিয়েছে। বিভিন্ন সময়ে বাংলাদেশ-ভারতের উচ্চ পর্যায়ের বৈঠক, বিজিবি-বিএসএফ ডিজি পর্যায়ের সম্মেলনে উভয় দেশ প্রাণঘাতীর অস্ত্রের ব্যবহার না করার ব্যাপারে একমত হলেও ভারতীয় শাসকগোষ্ঠির নির্দেশে সীমান্তে সেটি কখনো কার্যকর হয়নি।[১৮৬]

৯১. **জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত বিএসএফ'র গুলিতে ০৬ বাংলাদেশী নিহত এবং ০৯ জন আহত হয়েছেন। নিহত ০৬ জনের মধ্যে ০৩ জনকে গুলি করে হত্যা ও ০৩ জনকে নির্যাতনের মাধ্যমে হত্যা করা হয়েছে বলে অভিযোগ রয়েছে। আহত ০৯ জনের মধ্যে ০৩ জন জনকে গুলি করে আহত করা হয়েছে এবং ০৬ জনকে নির্যাতন করে আহত করা হয়েছে।**

# নারীর প্রতি সহিংসতা

৯২. ২০২৫ সালের জানুয়ারি-মার্চ এই তিন মাসে সারা দেশে নারীর প্রতি ব্যাপক সহিংসতার ঘটনা ঘটেছে। সামাজিক নিরাপত্তা ব্যবস্থার অভাব ও অকার্যকর বিচার ব্যবস্থা অধিকাংশ ক্ষেত্রে নারীর প্রতি সহিংসতাকারীদের রেহাই পেয়ে যাওয়ার কারণ হিসেবে সামনে আসছে এবং ভিকটিমরা ন্যায় বিচার থেকে বঞ্চিত হচ্ছেন।

---

[১৮১] ঢাকা ট্রিবিউন ৭ ফেব্রুয়ারি ২০২৫; https://bangla.dhakatribune.com/bangladesh/92123/
[১৮২] নিউএইজ, ৮ মার্চ ২০২৫; https://www.newagebd.net/post/Country/259619/
[১৮৩] সমকাল, ১ মার্চ ২০২৫; https://samakal.com/whole-country/article/283190/
[১৮৪] যুগান্তর ৯ মার্চ ২০২৫;https://www.jugantor.com/country-news/930041
[১৮৫] দি হিন্দু, ৪ মার্চ ২০২১, https://www.thehindu.com/news/national/jaishankar-arrives-in-bangladesh-to-prepare-ground-for-pm-modis-visit/article33986980.ece
[১৮৬] নিউএইজ, ২৭ ফেব্রুয়ারী ২০২৫; https://www.newagebd.net/post/foreign%20affairs/258505

## ধর্ষণ

৯৩. ২০২৫ সালে জানুয়ারি-মার্চ এই তিন মাসে ব্যাপক ধর্ষণের ঘটনা ঘটেছে। এই সময়ে ছিনতাইকালে ধর্ষণের শিকার হয়েছেন এক নারী[১৮৭], ধর্ষণের শিকার মেয়ে শিশুকে[১৮৮] ধর্ষণ পরবর্তীতে হত্যা করা হয়েছে। ধর্ষণের ঘটনায় ক্ষোভে আত্মহত্যার ঘটনা ঘটেছে।[১৮৯] এক শিশুকে দলবদ্ধভাবে ধর্ষণ করা হয়েছে এই খবর শুনে শিশুটির বাবা অসুস্থ হয়ে মারা গেছেন[১৯০] এবং ধর্ষণ মামলা তুলে না নেয়ায় মামলার বাদী ভিকটিমের বাবাকে হত্যা করা হয়েছে।[১৯১] আটক ধর্ষককে ঘুষের বিনিময়ে থানা থেকে ছেড়ে দেয়া ও পুলিশের বিরুদ্ধে মামলা না নেয়ার অভিযোগ রয়েছে।[১৯২]

৯৪. তৎকালীন ক্ষমতাসীন আওয়ামী-লীগ এর নেতা-কর্মীদের বিরুদ্ধে ব্যাপক ধর্ষণের অভিযোগ ছিল। এই প্রতিবেদনকালীন সময়ে বিএনপি[১৯৩] ও এর অঙ্গ সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধেও ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। গত ৮ জানুয়ারি কুমিল্লার নাঙ্গলকোটে যুবদল নেতা মহসিন মিয়ার নেতৃত্বে একদল দুর্বৃত্ত দুই নারীকে তুলে নিয়ে গণধর্ষন করে এবং ধর্ষণের ভিডিও ফেসবুকে ছড়িয়ে দেয়ার হুমকি দেয়।[১৯৪] গত ১৬ মার্চ যশোরের ঝিকরগাছায় গদখালীতে বেড়াতে আসা এক তরুণীকে গদখালী ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক আল মামুন হোসেনসহ ৪ জন ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মী দলবদ্ধভাবে ধর্ষণ করে। পুলিশ ৪ জনকেই গ্রেফতার করেছে।[১৯৫]

৯৫. সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের একটি বেঞ্চ ধর্ষণের ঘটনায় সালিস বা মীমাংসা রোধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে নির্দেশ দিলেও সালিশের মাধ্যমে অনেক ধর্ষণের ঘটনা মীমাংসা করে দিয়ে মোটা অংকের টাকা উপার্জন করছেন স্থানীয় প্রভাবশালী ব্যক্তি ও রাজনৈতিক নেতারা।[১৯৬]

৯৬. গত ৫ জানুয়ারি কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার সদর ইউনিয়নে ৬ বছরের এক শিশুকে ধর্ষণ করে বাবুল নামে এক দুর্বৃত্ত। এই ঘটনায় স্থানীয় মাতবররা ধর্ষককে ছয়টি জুতাপেটা ও ৫ হাজার টাকা জরিমানা করে। এই সালিশ মানতে চাননি ভুক্তভোগীর পরিবার। তারপরও জোর করে ভুক্তভোগী শিশুটির নানীর হাতে ৫ হাজার টাকা তুলে দেন মাতবররা। সেই সঙ্গে হুমকি দেন যে, সালিশের বিচার না মেনে থানায় গেলে বসতভিটা ছাড়তে হবে।[১৯৭]

৯৭. মাগুড়ায় বোনের বাড়িতে বেড়াতে গেলে গত ৬ মার্চ তৃতীয় শ্রেণীর ছাত্রীকে ধর্ষণ করে তাঁর বোনের শ্বশুর হিটু শেখ । গুরুতর অবস্থায় শিশুটিকে ঢাকায় নেয়া হয় । কিন্তু গত ১৩ মার্চ ঢাকার সম্মলিত সামরিক হাসপাতালে শিশুটি মারা যায়। এই ধর্ষণের প্রতিবাদে সারা দেশ প্রতিবাদ মুখর হয়ে উঠেছিল। শিশুটির মৃত্যু সংবাদ পাওয়ার পর মাগুড়ায় ধর্ষকের বাড়ি আগুন দিয়ে পুড়িয়ে দেয় বিক্ষুদ্ধ জনতা।[১৯৮]

---

[১৮৭] সমকাল ২৮ ফেব্রুয়ারি ২০২৫; https://samakal.com/bangladesh/article/283018/
[১৮৮] যুগান্তর ২৮ ফেব্রুয়ারি ২০২৫;; https://www.jugantor.com/country-news/922831
[১৮৯] সমকাল, ১০ মার্চ ২০২৫; https://samakal.com/whole-country/article/284766
[১৯০] সমকাল ১১ মার্চ ২০২৫; https://samakal.com/whole-country/article/284874/
[১৯১] মানবজমিন ১৩ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=152237
[১৯২] যুগান্তর ২৭ জানুয়ারী ২০২৫; https://www.jugantor.com/crime/908958
[১৯৩] সমকাল ১৭ মার্চ ২০২৫; https://samakal.com/whole-country/article/285834/
[১৯৪] যুগান্তর ১৩ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/country-news/903050
[১৯৫] প্রথম আলো ১৬ মার্চ ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/ecnyboyeqj
[১৯৬] প্রথম আলো, ৯ মার্চ ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/tbk43lx6em
[১৯৭] মানবজমিন ১৮ মার্চ ২০২৫; https://m.mzamin.com/news.php?news=152891
[১৯৮] সমকাল ১৪ মার্চ ২০২৫; https://samakal.com/bangladesh/article/285405/

৯৮. গত ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবসে গাজীপুরের শ্রীপুরে বনের মধ্যে একটি শিশুকে ধর্ষণ করা হয় এবং ধর্ষণের দৃশ্য আরমান নামে এক ব্যক্তি মুঠো ফোনে ধারন করে এবং সেই ভিডিও ক্লিপ তার তিন বন্ধুকে পাঠায়।[১৯৯] একই দিনে ঠাকুরগাঁওয়ের সদর উপজেলায় পঞ্চম শ্রেণীর এক ছাত্রীকে মানিক নামের এক শিক্ষক ধর্ষণ করে।[২০০]

৯৯. গত ১৭ মার্চ ধর্ষণ মামলার বিচার দ্রুত করার জন্য নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ এর বেশকিছু সংশোধনের নীতিগত সিদ্ধান্ত নেয় অন্তর্বর্তীকালীন সরকার। সংশোধনীতে বিধান রাখা হয়েছে যে, আদালত যদি মনে করে, মেডিকেল সার্টিফিকেট এবং পারিপার্শ্বিক সাক্ষ্যের ভিত্তিতে বিচার সম্ভব, তাহলে ডিএনএ রিপোর্ট ছাড়াও ধর্ষণ মামলায় বিচার করা যাবে। মিথ্যা মামলার ক্ষেত্রেও কঠোর শাস্তির বিধান রাখা হয়েছে। সংশোধনীর খসড়ায় শিশু ধর্ষণ মামলা আলাদাভাবে বিচার করার জন্য বিশেষ ট্রাইব্যুনালের বিধান রাখা হয়েছে।[২০১]

১০০. **গত তিন মাসে ২৫৭ জন নারী ও শিশু ধর্ষণের শিকার হয়েছেন। এঁদের মধ্যে ৫৪ জন নারী, ১৫০ জন মেয়ে শিশু এবং ৫৩ জনের বয়স জানা যায়নি। ঐ ৫৪ জন নারীর মধ্যে ২১ জন গণধর্ষণের শিকার হয়েছেন এবং ০২ জন নারী আত্মহত্যা করেছেন। ১৫০ জন মেয়ে শিশুর মধ্যে ১৫ জন গণধর্ষণের শিকার হয়েছেন, ০৮ জনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে এবং ০১ জন আত্মহত্যা করেছেন।**

## *যৌন হয়রানি*

১০১. ২০২৫ সালের জানুয়ারি-মার্চ এই তিন মাসে নারীদের উত্যক্তকরণ এবং যৌন হয়রানির ঘটনা ঘটেছে। সমাজের বিভিন্ন শ্রেণী পেশার পুরুষ কর্তৃক নারীরা যৌন হয়রানির শিকার হয়েছেন। বিশেষ করে কিশোর গ্যাং এর সদস্যরা স্কুল, কলেজ এবং রাস্তায় বিভিন্ন বয়সী নারীদের উত্তক্ত করছে বলে অভিযোগ পাওয়া গেছে।[২০২] এই ঘটনার প্রতিবাদ করায় কিশোর গ্যাং এর সদস্যদের হাতে নিহত হওয়ার ঘটনা ঘটেছে।[২০৩] কুমিল্লা জেলার মুরাদনগরে জামির হোসেন নামে (৪২) এক ব্যক্তি বিভিন্ন বয়সের ৮ জন কন্যা শিশুকে যৌন নিপীড়ন চালায়। এই ঘটনা জানাতে এক কন্যা শিশুর অভিভাবক জামিরের বাড়িতে গেলে জামির ও তার স্বজনরা তাঁদের ওপর হামলা চালায়। ভুক্তভোগীদের অভিভাবকরা এই ঘটনার ব্যাপারে মুরাদনগর থানায় মামলা করতে গেলে থানার ওসি জাহিদুর রহমান মামলা না নিয়ে মীমাংসা করার জন্য পরামর্শ দেন এবং প্রকৃত ঘটনাটি ভিন্নখাতে প্রবাহিত করার চেষ্টা চালান। নিরুপায় হয়ে তাঁরা তখন দেবীদ্বার সেনাবাহিনীর ক্যাম্পে বিষয়টি জানালে ওসি মামলা গ্রহন করতে বাধ্য হন।[২০৪]

১০২. **জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত মোট ১২ জন নারী ও মেয়ে শিশু যৌন হয়রানির শিকার হয়েছেন। এঁদের মধ্যে ০২ জন আত্মহত্যা করেন। এছাড়া ০১ নিহত, ০৮ জন লাঞ্ছিত এবং ০১ জন হয়রানির শিকার হয়েছেন।**

---

[১৯৯] সমকাল ৮ মার্চ ২০২৫; https://samakal.com/whole-country/article/284470
[২০০] প্রথম আলো ১০ মার্চ ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/crime/tzbe7gf31u
[২০১] যুগান্তর , ১৮ মার্চ ২০২৫; https://www.jugantor.com/index.php/tp-lastpage/930455
[২০২] যুগান্তর ,৩ জানুয়ারি ২০২৫; https://epaper.jugantor.com/storage/2025-01-03/2/link_img_second_ed_1735871137_21.jpg
[২০৩] যুগান্তর ,৩ জানুয়ারি ২০২৫; https://epaper.jugantor.com/storage/2025-01-03/2/link_img_second_ed_1735871137_21.jpg
[২০৪] মানবজমিন ১৩ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=152226

**এছাড়া নারী ও শিশুদের ওপর সংঘটিত যৌন হয়রানির প্রতিবাদ করতে গিয়ে ০৬ জন পুরুষ আহত হয়েছেন।**

## *যৌতুক সহিংসতা*

১০৩. যৌতুকের দাবিতে নারীদের ওপর সহিংসতা বিদ্যমান ছিল এই প্রতিবেদনকালীন তিন মাসে। এই সময়ে যৌতুক না পাওয়ায় গৃহবধুর মাথা ন্যাড়া করে দেয়া[২০৫] পিটিয়ে[২০৬], ও শ্বাসরোধ[২০৭] করে হত্যা করা এবং নারীদের আগুনে পুড়িয়ে[২০৮] গুরুতর আহত করা হয়েছে। হত্যা ও সহিংসতার শিকার অনেক নারী অন্তঃসত্ত্বা ছিলেন।

১০৪. গত ৪ মার্চ ফেনী সদর উপজেলায় যৌতুকের দাবিতে মারজাহান আক্তার ঝুমুর নামে এক গৃহবধু তাঁর স্বামী ছায়েদুর রহমান তৌহিদ ও তার পরিবারের সদস্যদের হাতে প্রচন্ডভাবে সহিংসতার শিকার হন। ১৫ মার্চ মারজাহান আক্তার চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। পুলিশ নিহত মারজাহানের শ্বশুড় মোহাম্মদ সাহাব উদ্দিনকে গ্রেফতার করেছে।[২০৯]

১০৫. **গত তিন মাসে মোট ১৪ জন নারী যৌতুক সহিংসতার শিকার হয়েছেন। এরমধ্যে ০৮ জন নারীকে যৌতুকের কারণে হত্যা করা হয়েছে, ০৫ জন বিভিন্নভাবে নিপীড়নের শিকার হয়েছেন এবং ০১ জন আত্মহত্যা করেছেন।**

## রোহিঙ্গা জনগোষ্ঠির মানবাধিকার লঙ্ঘন

১০৬. আরাকানে মিয়ানমারের সামরিক জান্তা ও সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠিগুলোর মধ্যে যুদ্ধ অব্যাহত থাকায় জীবন বাঁচাতে বাংলাদেশে প্রবেশ করছেন রোহিঙ্গারা।[২১০] এরমধ্যে অধিকাংশ রোহিঙ্গা ঢুকছেন বান্দরবনের নাইক্ষ্যংছড়ি, ঘুমধুম, তুমব্রু, জামছড়ি, লেবুছড়ি, আলীকদম, পশ্চিমকুল সীমান্তে পাহাড়ি অঞ্চলসহ টেকনাফের হোয়াইক্যাং ও হ্নীলা এলাকা দিয়ে।[২১১]

১০৭. গত ৫ জানুয়ারি সাগড় পাড়ি দিয়ে টেকনাফের মেরিন ড্রাইভ অঞ্চল দিয়ে নারী-পুরুষ ও শিশুসহ ৩৬ জন রোহিঙ্গা বাংলাদেশে প্রবেশ করেন। চারদিন সাগরে ভেসে থাকা মোহাম্মদ আলম জানান, আকিয়াবের পূর্বে নাঁশং এলাকায় তাঁদের গ্রামে আরাকান আর্মি নির্যাতন চালাচ্ছে। তাই প্রাণ বাঁচাতে একটি কাঠের নৌকা নিয়ে পাঁচ দিন আগে মিয়ানমার থেকে বাংলাদেশে প্রবেশের চেষ্টা করেন। কিন্তু তাঁদের নৌকার ইঞ্জিন নষ্ট হওয়ায় একটি ট্রলার টেনে নিয়ে তাঁদের বিজিবির কাছে হস্তান্তর করে।[২১২]

১০৮. আরেকজন রোহিঙ্গা জাহের আলম জানান, তাঁদের এলাকায় পাঁচটি মুসলিম গ্রাম আছে। গ্রামে অভিযান চালিয়ে আরকান আর্মি তাঁদের জোরপূর্বক ধরে নিয়ে অস্ত্রের প্রশিক্ষন দেয় এবং মিয়ানমার সেনাবাহিনীর

---

[২০৫] যুগান্তর ১৭ মার্চ ২০২৫; https://www.jugantor.com/tp-bangla-face/930112
[২০৬] নয়াদিগন্ত ১৫ মার্চ ২০২৫; https://www.dailynayadiganta.com/bangladesh/country-news/4j7PJ0O7WdJy
[২০৭] যুগান্তর ৬ ফেব্রুয়ারি ২০২৫; https://www.jugantor.com/index.php/tp-bangla-face/913399
[২০৮] যুগান্তর ২৪ মার্চ ২০২৫; https://www.jugantor.com/country-news/933338
[২০৯] মানবজমিন ১৭ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=152769
[২১০] বিবিসি নিউজ বাংলা, ২১ সেপ্টেম্বর ২০২৪; https://www.bbc.com/bengali/articles/c4g5zkd2g3no
[২১১] সমকাল ৭ মার্চ ২০২৫; https://samakal.com/bangladesh/article/284192/
[২১২] ঢাকা ট্রিবিউন, ২২ মার্চ ২০২৫; https://www.dhakatribune.com/bangladesh/nation/376941/

বিরুদ্ধে যুদ্ধ করার জন্য পাঠায়। আরাকান আর্মিতে যোগ না দিলে রোহিঙ্গাদের ওপর নির্যাতন চালানো হয়।[২১৩]

১০৯. গত ১০ জানুয়ারি বান্দরবানের আলীকদমের বুড়িচং এলাকা দিয়ে ৫৮ জন রোহিঙ্গা বাংলাদেশে প্রবেশ করলে বিজিবি তাঁদের সবাইকে আটক করে।[২১৪] এরইমধ্যে ৬০ হাজার রোহিঙ্গা শরণার্থী বাংলাদেশে প্রবেশ করেছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মোহাম্মদ জাহাঙ্গির আলম চৌধুরী।[২১৫]

১১০. গত ২৮ ফেব্রুয়ারি জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনার ফিলিপ্পো গ্র্যান্ডি কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা আশ্রয় শিবির পরিদর্শন করেন। এই সময় রোহিঙ্গা নেতারা তাঁদের জন্মভূমি মিয়ানমারের রাখাইন রাজ্যে ফেরার ক্ষেত্রে নিরাপত্তার নিশ্চয়তা এবং থাকার পরিবেশ নিশ্চিতে জাতিসংঘসহ আন্তর্জাতিক মহলের সহযোগিতা চান।[২১৬]

১১১. রোহিঙ্গাদের প্রত্যাবাসনের জটিলতা মূলত সৃষ্টি করে হাসিনা সরকার একটি চুক্তি স্বাক্ষরের মধ্যে দিয়ে। এই চুক্তিকে সমর্থন করেছিল ভারতীয় শাসক গোষ্ঠী। ২০১৭ সালের ডিসেম্বরে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে 'ফিজিক্যাল অ্যারেঞ্জমেন্ট ফর রিপ্যাট্রিয়েশন অব ডিসপ্লেসড পারসনস্ ফ্রম রাখাইন স্টেট' শিরোনামে একটি প্রত্যাবাসন চুক্তি স্বাক্ষরিত হয়।[২১৭] চুক্তির সঙ্গে পাঁচ পাতার একটি ফরমও যুক্ত করা হয়। যেখানে পূর্ব পুরুষের তথ্যসহ এমনসব কঠিন শর্ত যুক্ত করা হয়েছে, যা পুরোপুরি পূরণ করা রোহিঙ্গাদের পক্ষে সম্ভব না।

১১২. চুক্তির মোট ৩২ টি ধারা এবং ৩টি উপধারার সবকটিই প্রত্যাবাসন প্রক্রিয়া দীর্ঘায়িত করার সুযোগ করে দেয় মিয়ানমারকে। এছাড়া শনাক্তকরণের এই প্রক্রিয়া কবে শুরু হবে আর কবে শেষ করতে হবে, তারও সুনির্দিষ্ট কোন রূপরেখা নেই মিয়ানমার-বাংলাদেশের মধ্যে হওয়া এই চুক্তিতে। চুক্তির আগে ২০১৭ সালের ৭ ডিসেম্বর রোহিঙ্গা ইস্যুতে আনুষ্ঠানিক প্রতিক্রিয়ায় ভারতের পররাষ্ট্র মন্ত্রনালয় জানায়, বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের প্রত্যাবাসনের আগে অবশ্যই 'সিস্টেমেটিক ভেরিফিকেশন' করতে হবে যে, রোহিঙ্গারা আসলেই মিয়ানমারের নাগরিক কি না। ভারত প্রতিক্রিয়া জানানোর কয়েক দিনের মধ্যে স্বাক্ষর হওয়া চুক্তিতে ভারতের ইচ্ছাই প্রতিফলিত হয়।[২১৮]

১১৩. মূলত রোহিঙ্গা সংকট দীর্ঘমেয়াদে প্রাতিষ্ঠানিক রূপ দিতেই ভারত তৎকালীন আওয়ামী-লীগ সরকারকে চাপ দিয়ে এই এক তরফা চুক্তি করতে বাধ্য করে।[২১৯]

১১৪. রোহিঙ্গা শিবিরগুলোতে তহবিল সংকটের কারণে এক হাজারের বেশী শিক্ষাকেন্দ্র বন্ধ হয়ে গেছে। আরও আড়াই হাজারের বেশী কেন্দ্র বন্ধ হতে যাচ্ছে। আশ্রয় শিবিরগুলোতে শিক্ষাকেন্দ্র আছে ৪ হাজারের বেশী। সব কেন্দ্র বন্ধ হলে ৪ লাখের বেশী রোহিঙ্গা শিশুর শিক্ষাজীবন অনিশ্চিত হয়ে পড়বে।[২২০]

---

[২১৩] https://samakal.com/whole-country/article/273779/

[২১৪] ভয়েস অফ আমেরিকা ১১ জানুয়ারি ২০২৫; https://www.voabangla.com/a/7933334.html

[২১৫] নয়াদিগন্ত ১ মার্চ ২০২৫; https://www.dailynayadiganta.com/bangladesh/national/RLko5URxAGBi

[২১৬] প্রথম আলো ২৮ ফেব্রুয়ারী ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/isnmulkzg4

[২১৭] https://thefinancialexpress.com.bd/national/bd-myanmar-finalise-physical-arrangement-for-repatriation-of-rohingya-within-two-years-1516110911

[২১৮] আমারদেশ ১৪ মার্চ ২০২৫; https://eamardesh.com/2025-03-14

[২১৯] আমারদেশ ১৪ মার্চ ২০২৫; https://eamardesh.com/2025-03-14

[২২০] প্রথম আলো ১৫ মার্চ ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/g6xg71wuvr

# সুপারিশসমূহঃ

১. আওয়ামী লীগ সরকারের আমলে সংঘটিত বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, গুম, নির্যাতন এবং অমানবিক ঘটনাগুলোর সঙ্গে জড়িত আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সংশ্লিষ্ট সদস্যদের বিচারের সম্মুখীন করতে হবে।

২. নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন, ২০১৩ বাস্তবায়ন করতে হবে এবং রিমান্ডের নামে নির্যাতন বন্ধের জন্য ব্লাস্ট বনাম বাংলাদেশ মামলায় হাইকোর্ট ও আপিল বিভাগের নির্দেশনা মেনে চলতে হবে। সরকারকে নির্যাতনবিরোধী জাতিসংঘ সনদের অপসোনাল প্রোটোকল অনুমোদন করতে হবে।

৩. গুমের বিরুদ্ধে সুনির্দিষ্ট আইন প্রনয়ন করে গুমের সঙ্গে জড়িত ব্যক্তিদের বিচারের সম্মুখীন করতে হবে এবং ভিকটিম পরিবারগুলোকে ক্ষতিপূরণ দিতে হবে।

৪. কারা কর্মকর্তাদের অনিয়ম-অবহেলা-দুর্নীতির অভিযোগ তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কারাবন্দিদের ওপর নির্যাতন-নিপীড়নসহ সমস্ত ধরনের মানবাধিকার লঙ্ঘন বন্ধ করতে হবে।

৫. সর্বস্তরে মতপ্রকাশ ও গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে হবে। সাংবাদিকসহ সমস্ত মানবাধিকার কর্মীর বিরুদ্ধে দায়ের করা সব হয়রানিমূলক মামলাগুলো প্রত্যাহার করতে হবে এবং তাঁদের ওপর হামলার ঘটনাগুলোর সুষ্ঠু তদন্ত সাপেক্ষে দোষী ব্যক্তিদের বিচারের সম্মুখীন করতে হবে।

৬. বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬, সন্ত্রাস দমন আইন, ২০০৯ ও সাইবার নিরাপত্তা আইন, ২০২৩ সহ সমস্ত নির্বতনমূলক আইন অবিলম্বে বাতিল করতে হবে।

৭. নারী ও শিশুদের প্রতি সহিংসতা বন্ধে দ্রুততার সঙ্গে অপরাধীদের বিচার করে শাস্তি দিতে হবে। ধর্ষণকারীসহ নারীদের ওপর সহিংসতাকারীদের বিষয়ে সালিশ করা বন্ধ করতে হবে এবং নারীর বিচার প্রাপ্তির জন্য পুলিশকে সঠিকভাবে তদন্ত করে অভিযুক্তদের গ্রেফতার করে বিচারের সম্মুখীন করতে হবে। আদালতের মাধ্যমে নির্ধারিত যৌন হয়রানির সংঙ্গা আইনে প্রতিফলিত হতে হবে।

৮. সীমান্তে বাংলাদেশী নাগরিকদের ভারতীয় বিএসএফ কর্তৃক হত্যা, নির্যাতনসহ সব ধরণের মানবাধিকার লঙ্ঘন বন্ধ করতে এবং ভিকটিমদের ক্ষতিপূরণ পাওয়ার ক্ষেত্রে অন্তর্বর্তীকালীন সরকারকে ভারতকে চাপ দিতে হবে। ভারতকে দুই দেশের মধ্যে সীমান্ত সংক্রান্ত চুক্তি এবং সমঝোতা স্মারক মেনে চলতে হবে। বাংলাদেশের প্রতি ভারতের আধিপত্য এবং আগ্রাসী আচরণ বন্ধ করতে হবে।